09. দুইটি সংখ্যার বিয়োগফল ৬৬ এবং তাদের অনুপাত ৭:৫ হলে, সংখ্যাদ্বয় কত? (If difference between two numbers is 66 and ratio is 7:5, what are the numbers?)

Ⓐ ২৩১, ১৬৫ Ⓑ ২২৩, ১১৬

Ⓒ ২২২, ১২০ Ⓓ ১৯০, ১২৪

Solve মনে করি, সংখ্যাদ্বয় ৭x ও ৫x

প্রশ্নমতে, ৭x − ৫x = ৬৬ বা, ২x = ৬৬ ∴ x = ৩৩

∴ সংখ্যাদ্বয় = (৭ × ৩৩) ও (৫ × ৩৩) = ২৩১ ও ১৬৫

বেতন সম্পর্কিত অনুপাত

10. ক, খ ও গ এর বেতনের অনুপাত ৭ : ৫ : ৩। খ, গ অপেক্ষা ২২২ টাকা বেশি পেলে ক-এর বেতন কত? (Ratio of salaries of ka, kha & ga 7:5:3. If kha gets 222 taka more than ga, what is the salary of ka?)

Ⓐ ৫৫৫ টাকা Ⓑ ৩৩৩ টাকা

Ⓒ ৭৭৭ টাকা Ⓓ ৮৮৮ টাকা

Solve ধরি, ক, খ ও গ-এর বেতন ৭x, ৫x, ৩x

শর্তমতে, ৫x − ৩x = ২২২ বা, ২x = ২২২ ∴ x = ১১১

∴ ক-এর বেতন = ৭x = ৭ × ১১১ = ৭৭৭

ত্রিভুজ সম্পর্কিত অনুপাত

11. যদি একটি ত্রিভুজের কোণের অনুপাতগুলো 2 : 3 : 4 হয় তাহলে ত্রিভুজটির বৃহৎ কোণটির মান কত? (The angles of a triangle are in the ratio of 2 : 3 : 4 the largest angle in the triangle is?)

Ⓐ 40 Ⓑ 75 Ⓒ 70 Ⓓ 80

Solve ধরি, ত্রিভুজের কোণগুলো যথাক্রমে: 2x, 3x, 4x

$$\therefore 2x + 3x + 4x = 180 \Rightarrow 9x = 180 \therefore x = \frac{180}{9} = 20$$

∴ বৃহৎ কোণটি = 4 × 20 = 80

বয়স সম্পর্কিত অনুপাত

12. যদি তিনজন মেয়ের বয়স গড় বয়স 20 বছর হয় এবং তাদের অনুপাত 3 : 5 : 7 হয় সবচেয়ে ছোট মেয়ের বয়স কত? (Average age of three girls is 20 years and their ages are in the proportion 3 : 5 : 7. The age of the youngest girl is-)

Ⓐ 4 years Ⓑ 6 years 8 months

Ⓒ 8 years 3 months Ⓓ 12 years

Solve তিনজন মেয়ের মোট বয়স = 20 × 3 = 60 বছর

$$\text{ছোট মেয়ের বয়স} = 60 \times \frac{3}{15} = 12 \text{ বছর}$$

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

A, B, C and D সম্পর্কিত অনুপাত

A : B = 3 : 4, B : C = 5 : 6 and C : D = 11 : 9, and then A : D is-

Ⓐ 50 : 60 Ⓑ 55 : 72 Ⓒ 60 : 70 Ⓓ 65 : 75

Solve $\frac{A}{B}\times\frac{B}{C}\times\frac{C}{D}=\frac{3}{4}\times\frac{5}{6}\times\frac{11}{9}$

$\Rightarrow \frac{A}{D}=\frac{55}{72} \Rightarrow A:D = 55:72$

শতকরা সম্পর্কিত অনুপাত

x এর ১০% যদি y এর ২০% এর সমান হয়, তবে x : y কত? (If 10% of x is equal to 20% of y, then x:y = ?)

Ⓐ ১ : ২ Ⓑ ১০ : ১ Ⓒ ২ : ১ Ⓓ ৫ : ১

Solve x এর ১০% = y এর ২০%

বা, $\frac{10}{100}x=\frac{20}{100}y$ বা, $\frac{x}{10}=\frac{y}{5}$ বা, $\frac{x}{y}=\frac{10}{5}$ $\therefore x:y = 2:1$

গতিবেগ সম্পর্কিত অনুপাত

ক ও খ নির্দিষ্ট পথ অতিক্রম করে যথাক্রমে ৩ এবং ৪ মিনিটে। ক ও খ এর গতিবেগের অনুপাত নির্ণয় করুন। (ক & খ pass a certain path in 3 & 4 minutes respectively. Determine the ratio of the speeds of ক & খ)

Ⓐ ৩ : ৪ Ⓑ ৪ : ৩ Ⓒ ৪ : ৫ Ⓓ ৫ : ৪

Solve পথের দূরত্ব x মাইল হলে ক এর গতিবেগ $\frac{x}{3}$

এবং খ এর গতিবেগ $\frac{x}{4}$ ।

$\therefore$ গতিবেগের অনুপাত $=\frac{x}{3}:\frac{x}{4}=4:3$

অংশীদারী কারবার

দুই বা ততোধিক ব্যক্তি একত্রে একটি কারবারের মালিক হলে, ঐ কারবারকে অংশীদারী কারবার বলা হয়। ঐ ব্যক্তিদের প্রত্যেকেই কারবারের অংশীদার।

• অংশীদারগণ আলোচনার মাধ্যমে কারবারের লাভ বা ক্ষতির অংশ বণ্টনের চুক্তি করেন।

• চুক্তিতে লাভ-ক্ষতি বণ্টন সম্পর্কে কিছু বলা না থাকলে কারবারের লাভ বা ক্ষতি তাদের মূলধনের অনুপাতে বণ্টন করা হয়।

• একটি ব্যবসায় A, B এবং C যদি x, y এবং z মাসের জন্য m, n এবং o টাকা বিনিয়োগ করে এবং তাদের লাভের পরিমাণ যদি P, Q এবং R হয়, তবে mx : ny : Oz = P : Q : R

• একটি ব্যবসায় ক, খ ও গ যথাক্রমে 400, 300, 700 টাকা বিনিয়োগ করলে ক, খ ও গ এর প্রাপ্ত লাভের অনুপাত হবে 400 : 300 : 700 = 4 : 3 : 7

IMPORTANT MCQ

একটি যৌথ কারবারে তিন বন্ধু বিনিয়োগ করেন। তাদের বিনিয়োগের সময়কালের অনুপাত 1 : 2 : 5। তাদের লভ্যাংশের অনুপাত 3 : 4 : 5 হলে, তাদের মূলধনের অনুপাত কত?

Ⓐ 1 : 2 : 3 Ⓑ 3 : 2 : 1 Ⓒ 3 : 2 : 2 Ⓓ 1 : 2 : 4

Solve মনে করি,

তাদের বিনিয়োগের সময়ের অনুপাত $= t_1 : t_2 : t_3 = 1 : 2 : 5$

তাদের লভ্যাংশের অনুপাত $= P_1 : P_2 : P_3 = 3 : 4 : 5$

মনে করি, তাদের মূলধন যথাক্রমে C_1, C_2 এবং C_3

$\therefore (C_1\times t_1) : (C_2\times t_2) : (C_3\times t_3) = P_1 : P_2 : P_3$

$\Rightarrow (C_1\times 1) : (C_2\times 2) : (C_3\times 5) = 3 : 4 : 5$

$\therefore C_1 : C_2 : C_3 = \frac{3}{1}:\frac{4}{2}:\frac{5}{5} = 3 : 2 : 1$

02. একটি অংশীদারী ব্যবসায় তিনজন বন্ধু ৪ : ৬ : ৯ অনুপাতে বিনিয়োগ করেন। বছর শেষে তাদের লভ্যাংশের অনুপাত ২ : ৩ : ৫ হলে, তাদের অংশীদারীত্বের সময়ের অনুপাত কত?

Ⓐ ১ : ২ : ৩ Ⓑ ৯ : ৯ : ১০ Ⓒ ১ : ২ : ৯ Ⓓ ৬ : ৯ : ১০

Solve মনে করি, তাদের বিনিয়োগের অনুপাত $I_1 : I_2 : I_3 = 8 : 6 : 9$

এবং তাদের লভ্যাংশের অনুপাত, $P_1 : P_2 : P_3 = 2 : 3 : 5$

মনে করি, তাদের অংশীদারীত্বে সময়কাল যথাক্রমে t_1, t_2 এবং t_3

$(I_1\times t_1) : (I_2\times t_2) : (I_3\times t_3) = P_1 : P_2 : P_3$

$\Rightarrow 8t_1 : 6t_2 : 9t_3 = 2 : 3 : 5$

$\therefore t_1 : t_2 : t_3 = \frac{2}{8}:\frac{3}{6}:\frac{5}{9} = \frac{1}{2}:\frac{1}{2}:\frac{5}{9} = 9 : 9 : 10$

03. কিছু টাকা ক, খ ও গ এর মধ্যে এমনভাবে ভাগ করে দেয়া হল যেন, ক, খ এর তিনগুণ পায়, খ, গ এর 4 গুণ পায় এবং খ, ক অপেক্ষা 200 টাকা কম পায়। কত টাকা ভাগ করে দেয়া হল?

Ⓐ 300 টাকা Ⓑ 400 টাকা Ⓒ 425 টাকা Ⓓ 500 টাকা

Solve মনে করি, খ পায় x টাকা

ক পায় 3x টাকা ; গ পায় $\frac{x}{4}$ টাকা

মোট টাকা $=\left(x+3x+\frac{x}{4}\right)=\left(\frac{4x+12x+x}{4}\right)=\frac{17x}{4}$

প্রশ্নমতে, $x = 3x - 200 \Rightarrow x - 3x = -200$

$\Rightarrow -2x = -200 \quad \therefore x = 100$

$\therefore$ মোট টাকা $=\left(\frac{17\times 100}{4}\right)=425$ টাকা

পাটিগণিত

অধ্যায় ১২

শতকরা হিসাব

প্রয়োজনীয় তথ্য ও সূত্রাবলি

❑ **শতকরা (Percentage) :** শতকরা একটি ভগ্নাংশ, যার অর্থ প্রতিশত বা প্রতি একশত। প্রতি একশতে কত বোঝাবার জন্য 'শতকরা' শব্দটি ব্যবহৃত হয়।

• শতকরা শব্দটিকে সংক্ষেপে % প্রতীক হিসাবে প্রকাশ করা হয়।

যেমন: শতকরা ১৫ অর্থ $\frac{15}{100}$ এবং একে ১৫% লেখা হয়।

• নিম্নে কয়েকটি সামান্য ভগ্নাংশ এবং দশমিক ভগ্নাংশকে শতকরায় প্রকাশ করা হলো :

সামান্য ভগ্নাংশ	দশমিক ভগ্নাংশ	শতাংশ	শতকরা
$\frac{1}{4}$	০.২৫	$\frac{25}{100}$	২৫%
$\frac{1}{2}$	০.৫০	$\frac{50}{100}$	৫০%
$\frac{3}{4}$	০.৭৫	$\frac{75}{100}$	৭৫%
$\frac{3}{2}$ বা, $1\frac{1}{2}$	১.৫০	$\frac{150}{100}$	১৫০%
$\frac{18}{5}$	৩.৬০	$\frac{360}{100}$	৩৬০%
$\frac{1}{8}$	০.১২৫	$\frac{12\frac{1}{2}}{100}$	$12\frac{1}{2}$%

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Formula:

১. শতকরা বৃদ্ধি/হ্রাস $= \frac{\text{বর্তমান মূল্য} - \text{পূর্বমূল্য}}{\text{পূর্বমূল্য}} \times 100$

২. একটি দ্রব্যের দাম পর পর দুই বার পরিবর্তন হলে, একত্রে মোট পরিবর্তন $= \pm a \pm b \pm \frac{ab}{100}$

[a = ১ম পরিবর্তন, b = ২য় পরিবর্তন]

৩. একটি পণ্যের মূল্য r% বৃদ্ধি পেলে এর ব্যবহার কত % হ্রাস করলে খরচের কোনো পরিবর্তন হবে না?

→ ব্যবহার কমাতে হবে (%) $= \frac{100 \times r}{100 + r}\%$

৪. একটি পণ্যের মূল্য r% হ্রাস পেলে এর ব্যবহার কত % বৃদ্ধি করলে খরচের কোনো পরিবর্তন হবে না?

→ ব্যবহার বাড়াতে হবে (%) $= \frac{100 \times r}{100 - r}\%$

৫. ক এর আয় খ এর আয় এর চেয়ে r% বেশি। খ এর আয় ক এর চেয়ে শতকরা কত কম?

→ ক এর চেয়ে খএর আয় $\frac{100 \times r}{100 + r}\%$ কম

৬. ক এর আয় খ এর আয় এর চেয়ে r% কম। খ এর আয় ক এর চেয়ে শতকরা কত বেশি?

→ ক এর চেয়ে খ এর আয় $= \frac{100 \times r}{100 - r}\%$ বেশি

সংসারের খরচ অপরিবর্তিত রাখার জন্য দ্রব্যের মূল্য বৃদ্ধি পেলে দ্রব্যের ব্যবহার হ্রাস পাবে:

Concept:

বৃদ্ধি পেলে, বেড়ে গেলে, বেশি হলে, বাড়িয়ে দিলে, লাভ হলে সর্বদাই যোগ করতে হবে।

Technique:

01. যদি দ্রব্য মূল্য R% বৃদ্ধি পায় তবে ব্যবহার কমাতে হবে $= \frac{100 \times R}{100 + R}\%$

02. যদি দ্রব্য মূল্য 25% বৃদ্ধি পায় তবে ব্যবহার কমাতে হবে $= \frac{100 \times 25}{100 + 25}\% = 20\%$

03. যদি দ্রব্য মূল্য 10% বৃদ্ধি পায় তবে ব্যবহার কমাতে হবে $= 9\frac{1}{11}\%$

04. যদি দ্রব্যমূল্য 20% বৃদ্ধি পায় তবে ব্যবহার কমাতে হবে $= 16\frac{2}{3}\%$

05. যদি দ্রব্যমূল্য 30% বৃদ্ধি পায় তবে ব্যবহার কমাতে হবে $= 23\frac{1}{13}\%$

06. যদি দ্রব্য মূল্য 40% বৃদ্ধি পায় তবে ব্যবহার কমাতে হবে $= 28\frac{4}{7}\%$

07. যদি দ্রব্যমূল্য 50% বৃদ্ধি পায় তবে ব্যবহার কমাতে হবে $= 33\frac{1}{3}\%$

08. যদি দ্রব্যমূল্য 33.33%বৃদ্ধি পায় তবে ব্যবহার কমাতে হবে = 25%

সংসারের খরচ অপরিবর্তিত রাখার জন্য দ্রব্যের মূল্য হ্রাস পেলে দ্রব্যের ব্যবহার বৃদ্ধি পাবে:

Concept:

হ্রাস পেলে, কমে গেলে, ক্ষতি হলে,কমিশন দিলে, ছাড় দিলে, ছাড়ের উপর ছাড় দিলে,কষ্ট হলে, নষ্ট হলে ইত্যাদি কথা থাকলে হলে সর্বদাই বিয়োগ করতে হবে।

Technique:

01. যদি দ্রব্য মূল্য R% হ্রাস পায় তবে ব্যবহার বাড়াতে হবে $= \frac{100 \times R}{100 - R}\%$

02. যদি দ্রব্যমূল্য 10% হ্রাস পায় তবে ব্যবহার বাড়াতে হবে $= \frac{100 \times 10}{100 - 10}\% = 11\frac{1}{9}\%$

03. যদি দ্রব্যমূল্য 20% হ্রাস পায় তবে ব্যবহার বাড়াতে হবে = 25%

04. যদি দ্রব্যমূল্য 25% হ্রাস পায় তবে ব্যবহার বাড়াতে হবে $= 33\frac{1}{3}\%$

05. যদি দ্রব্যমূল্য 30% হ্রাস পায় তবে ব্যবহার বাড়াতে হবে $= 42\frac{6}{7}\%$

06. যদি দ্রব্যমূল্য 40% হ্রাস পায় তবে ব্যবহার বাড়াতে হবে $= 66\frac{2}{3}\%$

07. যদি দ্রব্যমূল্য 50% হ্রাস পায় তবে ব্যবহার বাড়াতে হবে = 100 %

IMPORTANT MCQ

শতকরায় প্রকাশ

01. $\frac{3}{5}$ কে শতকরায় প্রকাশ কর। (Express $\frac{3}{5}$ in percentage.)

Ⓐ 55% Ⓑ 87% Ⓒ 60% Ⓓ 50%

Solve Ⓒ $\frac{3}{5} = \frac{3\times20}{5\times20} = \frac{60}{100} = 60\%$

শতাংশের শতাংশ

02. What is 5% of 6%? (৬% এর ৫% কত?)

Ⓐ 30 Ⓑ 0.30
Ⓒ 0.003 Ⓓ 0.0003

Solve Ⓒ Let, the number be x

$x = \frac{5}{100} \times \frac{6}{100} = \frac{30}{10000} = 0.003$

মূল সংখ্যা বের করতে হবে

03. Number 29 is 10% of what number? (29 সংখ্যাটি কোন সংখ্যার 10%?)

Ⓐ 48 Ⓑ 270 Ⓒ 269 Ⓓ 290

Solve Ⓓ $10\% = 29;\ 100\% = \frac{29 \times 100}{10} = 290$

দুটি উপাদানের একটি এবং মোট দেওয়া থাকলে

04. Out of 7500 applicants for a recruitment test, 1500 failed to appear for the test. What percent of the total applicants did appear for the test? (7500 জন আবেদনকারীর মধ্যে 1500 জন নিয়োগ পরীক্ষায় উপস্থিত হতে পারল না। শতকরা কত ভাগ আবেদনকারী পরীক্ষায় উপস্থিত হলো?)

Ⓐ 25 Ⓑ 50 Ⓒ 75 Ⓓ 80

Solve Ⓓ 7500 জন আবেদনকারীর মধ্যে পরীক্ষায় উপস্থিত হয় = (7500 – 1500) = 6000 জন এবং উপস্থিত হতে পারেনি = 1500 জন।

শতকরা পরীক্ষায় উপস্থিতির হার $= \frac{\text{উপস্থিত আবেদনকারী}}{\text{মোট আবেদনকারী}} \times 100$

$= \frac{6000 \times 100}{7500} = 80\%$

→ প্রশ্নে যদি ২ ধরনের অনুপাত দেওয়া থাকে তাহলে যার মান বের করতে বলবে তার মান হবে উপরে এবং নিচে হবে মোট এবং শতকরায় প্রকাশ করার জন্য ফলাফলকে ১০০ দিয়ে গুণ দিতে হবে।

CamScanner

কোনো দ্রব্যের দাম শতকরা বৃদ্ধি / হ্রাস

05. If the price of a good increased from Tk. 30 to Tk. 42 Find the percentage increase in the price. (যদি একটি পণ্য ৩০ টাকা থেকে বেড়ে ৪২ টাকা হয়, তাহলে মূল্য বৃদ্ধির শতকরা হার বের কর?)

Ⓐ 12% Ⓑ 20% Ⓒ 40% Ⓓ 45%

Solve শতকরা বৃদ্ধি/হ্রাস $= \frac{\text{বর্তমান মূল্য} - \text{পূর্বমূল্য}}{\text{পূর্বমূল্য}} \times 100$

$= \frac{42-30}{30} \times 100 = \frac{12}{30} \times 100 = 40\%$

→ এই সূত্র ব্যবহারের পর মান যদি ধনাত্মক আসে তবে বুঝতে হবে দাম বৃদ্ধি পেয়েছে এবং মান যদি ঋণাত্মক আসে তবে দাম হ্রাস পেয়েছে।

পুরাতন মূল্য নতুন মূল্যের কত শতাংশ

06. If the price of an item increases from TK 10 to Tk 15, the old price is what % of the new price? (একটি বস্তুর দাম ১০ টাকা থেকে বেড়ে ১৫ টাকা হলো। পূর্ব মূল্য নতুন মূল্যের শতকরা কত অংশ?)

Ⓐ 66.67 Ⓑ 60.72 Ⓒ 56.21 Ⓓ 36.27

Solve

পূর্বমূল্য নতুন মূল্যের শতকরা কত ভাগ $= \frac{\text{পূর্বমূল্য}}{\text{বর্তমান মূল্য}} \times 100$

$= \frac{10}{15} \times 100 = 66.67\%$

Confusion Remove:

→ প্রশ্নে পূর্বমূল্য এবং বর্তমান মূল্য দিয়ে যদি বলে শতকরা কত শতাংশ মূল্য হ্রাস/বৃদ্ধি পেয়েছে তাহলে বর্তমান মূল্য থেকে পূর্বমূল্য বিয়োগ করে বিয়োগফলকে পূর্বমূল্য দিয়ে ভাগ করে ১০০ দিয়ে গুণ করলেই শতকরা হ্রাস/বৃদ্ধির পরিমাণ পাওয়া যাবে। অন্যথায় প্রশ্নে পূর্বমূল্য ও বর্তমান মূল্য দিয়ে যদি বলে পূর্বমূল্য বর্তমান মূল্যের কত শতাংশ ছিল তাহলে পূর্বমূল্যকে বর্তমান মূল্য দিয়ে ভাগ করে ১০০ দিয়ে গুণ করতে হবে। এক্ষেত্রে বর্তমান মূল্য থেকে পূর্বমূল্য বিয়োগ করার কোনো দরকার নেই।

কোনো দ্রব্যের নতুন মূল্য দেয়া থাকলে, পুরাতন/প্রকৃত মূল্য হবে

07. For 30% increase in clark's salary, it becomes Tk 1105. What was his salary before? (বেতন ৩০% বৃদ্ধি পাওয়ায় একজন কেরানি ১১০৫ টাকা পায়। তার আগের বেতন কত ছিল?)

Ⓐ 750Tk Ⓑ 850Tk Ⓒ 900Tk Ⓓ 920Tk

Solve মনে করি, পূর্ববর্তী বেতন ছিল ক টাকা।

প্রশ্নমতে, $ক + ক \times 30\% = 1105$

$\Rightarrow ক + ক \times \frac{30}{100} = 1105 \Rightarrow ক + \frac{3ক}{10} = 1105$

$\Rightarrow \frac{10ক + 3ক}{10} = 1105 \Rightarrow 13ক = 11050 \Rightarrow ক = 850$

Shortcut: পূর্ববর্তী বেতন $= \frac{\text{বর্তমান বেতন} \times 100}{100 \pm \text{হ্রাস/বৃদ্ধি}}$

[বেতন বাড়লে (+) এবং কমলে (–) হবে।]

$= \frac{1105 \times 100}{100 + 30} =$ ৮৫০ টাকা

08. A book is sold for Tk 68 at 85% of the actual price. What is the actual price? (একটি বই প্রকৃত মূল্যের শতকরা ৮৫ ভাগ মূল্যে ৬৮ টাকায় বিক্রয় হলে, বইটির প্রকৃত মূল্য কত?)

Ⓐ 72 Tk Ⓑ 60 Tk Ⓒ 80 Tk Ⓓ 90Tk

Solve মনে করি, বইটির প্রকৃত মূল্য ক টাকা।

প্রশ্নমতে, $ক \times 85\% = 68 \Rightarrow ক \times \frac{85}{100} = 68$

$\Rightarrow 85ক = 6800 \Rightarrow ক = 80$

কোনো দ্রব্যের দাম হ্রাস/বৃদ্ধি পেলে ব্যবহার কতটুকু বৃদ্ধি/হ্রাস করতে হবে

☞ একটি পণ্যের মূল্য r% বৃদ্ধি পেলে এর ব্যবহার কত % হ্রাস করলে খরচের কোনো পরিবর্তন হবে না?

সমাধান: ব্যবহার কমাতে হবে $= \left(\frac{100 \times r}{100 + r}\right)\%$

☞ একটি পণ্যের মূল্য r% হ্রাস পেলে এর ব্যবহার কত % বৃদ্ধি করলে খরচের কোনো পরিবর্তন হবে না?

সমাধান: ব্যবহার বাড়াতে হবে $= \left(\frac{100 \times r}{100 - r}\right)\%$

09. When the price of sugar is increased by 10%, then at what percentage in the use of sugar should be reduced so that there will be no change in the expenditure for use of sugar in the family? (চিনির মূল্য শতকরা 10 টাকা বৃদ্ধি পেলে চিনির ব্যবহার শতকরা কী পরিমাণ হ্রাস করলে পরিবারের চিনির খরচের কোনো পরিবর্তন হবে না?)

Ⓐ 9.09 Ⓑ 8.1 Ⓒ 12.5 Ⓓ 8.5

Solve চিনির ব্যবহার হ্রাস করতে হবে $= \frac{100 \times r}{100 + r}$

$= \frac{100 \times 10}{100 + 10} = \frac{1000}{110} = 9.09\%$ [Here, r = 10]

একজনের বেতন অন্যজন থেকে কতটুকু কম/বেশি

☞ ক এর আয় খ এর আয় এর চেয়ে r% বেশি। খ এর আয় ক এর চেয়ে শতকরা কত কম?

সমাধান : ক এর চেয়ে খ এর আয় $\left(\frac{100 \times r}{100 + r}\right)\%$ কম।

☞ ক এর আয় খ এর আয় এর চেয়ে r% কম। খ এর আয় ক এর চেয়ে শতকরা কত বেশি?

সমাধান : ক এর চেয়ে খ এর আয় $\left(\frac{100 \times r}{100 - r}\right)\%$ বেশি।

10. If Islam's income is 25% more than that of Asma, then by how much in percent is Asma's income less than that of Islam? (ইসলামের আয় আছমার আয় অপেক্ষা ২৫% বেশি। আসমার আয় ইসলামের আয় অপেক্ষা শতকরা কত কম?)

Ⓐ 13 Ⓑ 33 Ⓒ 20 Ⓓ 15

Solve

আসমার আয় ইসলামের আয় অপেক্ষা কম $= \left(\frac{100 \times 25}{100 + 25}\right)\% = 20\%$

একটি দ্রব্যের দামের ২ বার পরিবর্তন হলে

একটি দ্রব্যের দামের দুবার পরিবর্তন হলে প্রকৃত পরিবর্তনের হার নির্ণয়ের সূত্র : $\pm ক \pm খ \pm \frac{কখ}{100}$

এক্ষেত্রে দাম বাড়লে (+) এবং দাম কমলে (–) হবে।

এক্ষেত্রে ধরে নেওয়া হয়েছে দ্রব্যটির দাম প্রথমে ক% পরিবর্তন হয়ে দ্বিতীয় বার আবার খ% পরিবর্তন হয়েছে।

CamScanner

11. The price of a certain DVD is discounted by 10% and the reduced price is then discounted by 10%. The series of successive discounts is equivalent to a single discount of- (একটি DVD এর মূল্যে ১০% ছাড় দেওয়া হলো। অতঃপর হ্রাসকৃত মূল্য হতে পুনরায় ১০% ছাড় দেওয়া হয়। দুটি ক্রমিক ছাড় এককালীন ছাড়ের সমতুল্য-)

Ⓐ 20% Ⓑ 19% Ⓒ 18% Ⓓ 10%

Solve (B) এককালীন ছাড় (%) $= \pm ক \pm খ \pm \frac{কখ}{100}$

$= -10\% - 10\% + \frac{10\times10}{100}\% = -19\%$

জনসংখ্যা বৃদ্ধি

12. The population of a town doubled every 10 years from 1960 to 1990. What was the percent increase in population during this time? (একটি শহরের জনসংখ্যা প্রতি ১০ বছরে দ্বিগুণ হয় ১৯৬০ থেকে ১৯৯০ পর্যন্ত। এই সময়কালীন শতকরা কী পরিমাণ জনসংখ্যার পরিবর্তন হয়?)

Ⓐ 800 Ⓑ 600
Ⓒ 500 Ⓓ 700

Solve (D) ধরি, ১৯৬০ সালে জনসংখ্যা ছিল 100 জন
যা ১৯৭০ এ হয় 200, ১৯৮০ তে হয় 400 এবং ১৯৯০ তে হয় 800

শতকরা বৃদ্ধি (%) $= \frac{\text{বর্তমান জনসংখ্যা} - \text{পূর্ব জনসংখ্যা}}{\text{পূর্ব জনসংখ্যা}} \times 100$

$= \frac{800-100}{100} \times 100 = 700$

পাটিগণিত
অধ্যায় ১৩

লাভ-ক্ষতি হিসাব

প্রয়োজনীয় তথ্য ও সূত্রাবলি

- **ক্রয়মূল্য (Cost price-C.P):** জিনিসপত্র কেনার বা তৈরি করার জন্য যে ব্যয় হয় তাকে ক্রয়মূল্য বলে।
- **বিক্রয়মূল্য (Selling price-S.P):** জিনিসপত্র বিক্রয় করলে যে দাম পাওয়া যায় তাকে বিক্রয়মূল্য বলে।
- **লাভ/মুনাফা (Profit/Gain):** ক্রয়মূল্য অপেক্ষা বিক্রয়মূল্য বেশি হলে বিক্রয়মূল্য থেকে ক্রয়মূল্যের বিয়োগফলকে লাভ বা মুনাফা বলে। অর্থাৎ বিক্রয়মূল্য > ক্রয়মূল্য
  মুনাফা = বিক্রয়মূল্য - ক্রয়মূল্য
- **ক্ষতি (Loss):** বিক্রয়মূল্য অপেক্ষা ক্রয়মূল্য বেশি হলে ক্রয়মূল্য থেকে বিক্রয়মূল্যের বিয়োগফলকে ক্ষতি বলে। অর্থাৎ ক্রয়মূল্য > বিক্রয়মূল্য।
  ক্ষতি = ক্রয়মূল্য - বিক্রয়মূল্য

Formula:

০১. লাভ = বিক্রয়মূল্য − ক্রয়মূল্য

০২. ক্ষতি = ক্রয়মূল্য − বিক্রয়মূল্য

০৩. $\text{ক্রয়মূল্য} = \frac{\text{বিক্রয়মূল্য}}{১০০ \pm \text{লাভ/ক্ষতি}} \times ১০০$

[লাভ হলে ১০০ এর সাথে যোগ (+) হবে এবং ক্ষতি হলে ১০০ থেকে বিয়োগ (−) হবে]

০৪. একটি দ্রব্য x_1% লাভ বা ক্ষতিতে বিক্রয় করা হলো। দ্রব্যটির বিক্রয়মূল্য MSP (More selling price) বেশি হলে x_2% লাভ বা ক্ষতি হতো। দ্রব্যটির ক্রয়মূল্য (CP) কত? → ক্রয়মূল্য (CP) $= \frac{MSP\times100}{x_2 - x_1}$

০৫. বিক্রয়মূল্য = ক্রয়মূল্য $\times \frac{১০০ \pm \text{লাভ/ক্ষতি}}{১০০}$

০৬. n_1 টি দ্রব্যের CP টাকায় ক্রয় করে n_2 টি দ্রব্যের SP টাকায় বিক্রয় করায় x% লাভ বা ক্ষতি হলে: → $SP = \frac{CP \times n_2(100 \pm x)}{100 \times n_1}$

০৭. একটি দ্রব্য SP_1 টাকায় বিক্রয় করায় x_1% লাভ বা ক্ষতি হলো। বিক্রয়মূল্য (SP_2) কত হলে x_2 লাভ বা ক্ষতি হবে?
$SP_2 = \frac{SP_1 \times (100 \pm x_2)}{100 \pm x_1}$

০৮. শতকরা লাভ বা ক্ষতি $= \frac{\text{মোট লাভ/মোট ক্ষতি}}{\text{ক্রয়মূল্য}} \times ১০০$

০৯. একটি নির্দিষ্ট পরিমাণ টাকায় (যেমন: ১ টাকায়) একটি বস্তু ক্রয় করে একই পরিমাণ টাকায় (যেমন: ১ টাকায়) একটি বস্তু বিক্রয় করলে শতকরা কত লাভ বা ক্ষতি হবে? → লাভ/ক্ষতি (%) $= \frac{100}{s}(c - s)$

১০. If an article is sold at a gain of 20% then S.P. = 120% of C.P

১১. If an article is sold at a loss of 20% then S.P.= 80% of C.P

IMPORTANT MCQ

ক্রয়মূল্য নির্ণয়

01. When an object is sold for Tk. 250, the seller makes 25% profit. What is the cost price of the object? (একটি দ্রব্য ২৫০ টাকায় বিক্রয় করায় বিক্রেতার ২৫% লাভ হয়। দ্রব্যটির ক্রয়মূল্য কত?)

Ⓐ ২০০ Ⓑ ১৮০
Ⓒ ২২০ Ⓓ ১৬০

Solve (A) ক্রয়মূল্য ১০০ টাকা হলে ২৫% লাভে বিক্রয়মূল্য (১০০ + ২৫) টাকা = ১২৫ টাকা
বিক্রয়মূল্য ১২৫ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা
" ১ " " " $\frac{১০০}{১২৫}$ "
" ২৫০ " " " $\frac{১০০ \times ২৫০}{১২৫}$ " বা ২০০ টাকা

Shortcut: $CP = \frac{SP \times ১০০}{১০০ + x} = \frac{২৫০ \times ১০০}{১০০ + ২৫}$ টাকা = ২০০ টাকা

02. একটি ঘড়ি ৫৬০ টাকায় বিক্রয় করায় ২০% ক্ষতি হলো। ঘড়িটির ক্রয়মূল্য কত? (20% loss is obtained from selling a watch in 560 taka, what is the purchasing price of the watch?) [JKKNIU:19-20]

Ⓐ ৫৮০ টাকা Ⓑ ৫৪০ টাকা Ⓒ ৭০০ টাকা Ⓓ ৬০০ টাকা

Solve (C) ২০% ক্ষতিতে, (১০০ − ২০) = ৮০
বিক্রয়মূল্য ৮০ টাকা হলে ক্রয়মূল্য = ১০০ টাকা
∴ " ৫৬০ " " " " $= \frac{১০০ \times ৫৬০}{৮০}$ টাকা = ৭০০ টাকা।

Shortcut: $CP = \frac{SP \times ১০০}{১০০ + x} = \frac{৫৬০ \times ১০০}{১০০ - ২০}$ টাকা = ৭০০ টাকা

03. একটি ছাতা 378 টাকায় বিক্রয় করলে যত ক্ষতি হয় 450 টাকায় বিক্রয় করলে তার 3 গুণ লাভ হয়। ছাতাটির ক্রয়মূল্য কত? (Profit of selling an umbrella at 450 taka is 3 times the loss if it were sold at 378 taka. What is the purchasing price of the umbrella?)

Ⓐ 390 টাকা Ⓑ 350 টাকা
Ⓒ 693 টাকা Ⓓ 396 টাকা

Solve (D) মনে করি, ক্রয়মূল্য x টাকা
প্রশ্নমতে, 3 (x − 378) = 450 − x
⇒ 3x − 1134 = 450 − x ⇒ 4x = 1584 ∴ x = 396 টাকা

CamScanner

বিক্রয়মূল্য নির্ণয়

04. ১৫০ টাকা দিয়ে একটি জিনিস ক্রয় করে কত টাকায় বিক্রয় করলে ৩০% লাভ হবে?
Ⓐ ১৯৫ টাকা Ⓑ ১৮০ টাকা Ⓒ ৯০ টাকা Ⓓ ৪৫ টাকা

Solve Ⓐ ৩০% লাভে,
ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য (১০০+ ৩০) টাকা
= ১৩০ টাকা
∴ " ১ " " " $\frac{১৩০}{১০০}$ "
∴ " ১৫০ " " " $\frac{১৩০ \times ১৫০}{১০০}$ " = ১৯৫ টাকা

Shortcut: $SP = \frac{\text{ক্রয়মূল্য} \times (১০০ \pm \text{লাভ/ক্ষতি})}{১০০}$
$= \frac{১৫০ \times (১০০ + ৩০)}{১০০} = ১৯৫$ টাকা।

লাভ-ক্ষতি নির্ণয়

05. একটি জিনিস ৫০ টাকায় কিনে ৬০ টাকায় বিক্রয় করলে শতকরা কত লাভ হবে?
Ⓐ ১৫% Ⓑ ২০% Ⓒ ২২% Ⓓ ২৫%

Solve Ⓑ লাভ = (৬০ − ৫০) টাকা = ১০ টাকা
৫০ টাকায় লাভ হয় ১০ টাকা
১ " " " $\frac{১০}{৫০}$ "
১০০ " " " $\frac{১০ \times ১০০}{৫০}$ " বা ২০ টাকা

Shortcut: লাভ = (৬০ − ৫০) টাকা = ১০ টাকা
লাভের হার (%) $= \frac{\text{লাভ} \times ১০০}{\text{ক্রয়মূল্য}} = \frac{১০ \times ১০০}{৫০} = ২০$
→ লাভ-ক্ষতির হার সবসময় ক্রয়মূল্যের উপর হিসেব করতে হয়।

06. A shopkeeper sells 4 lemons for the price by which he buys 5 lemons. Find the gain percent. (একজন দোকানদার ৫টি লেবু যে মূল্যে ক্রয় করে, ৪টি লেবু সেই মূল্যে বিক্রয় করে। তার শতকরা কত লাভ হবে?)
Ⓐ ২০% Ⓑ ২৫%
Ⓒ ৩০% Ⓓ ৪০%

Solve Ⓑ লাভ/ক্ষতি (%) $= \frac{100}{s}(c - s) = \frac{১০০}{৪}(৫ - ৪) = ২৫$
এখানে, c = ক্রয়ের পরিমাণ (৫), s = বিক্রয়ের পরিমাণ (৪)
→ সমপরিমাণ টাকায় ক্রয় ও বিক্রয়ের পরিমাণ ভিন্ন হলে এই সূত্র প্রযোজ্য হয়।

আনুপাতিক হারে লাভ-ক্ষতি নির্ণয়

07. ক্রয়মূল্য ঃ বিক্রয়মূল্য = ৫ঃ ৬ হলে লাভ কত? (If purchasing price: selling price = 5:6, what is the profit?)
Ⓐ ২০% Ⓑ ২৮% Ⓒ ২৫% Ⓓ ২১%

Solve Ⓐ লাভ = ৬ − ৫ = ১ টাকা
লাভের হার (%) $= \frac{\text{লাভ} \times ১০০}{\text{ক্রয়মূল্য}} = \frac{১ \times ১০০}{৫} = ২০$

একটি দ্রব্য একাধিক বার ক্রয়-বিক্রয় হলে লাভ-ক্ষতি নির্ণয়

08. ক একটি জিনিস খ-এর কাছে ২৫% লাভে বিক্রি করে। খ জিনিসটি গ-এর কাছে ক-এর ক্রয়মূল্যে বিক্রি করে। খ-এর শতকরা কত ক্ষতি হলো? (Ka sells a product to Kha with 25% profit. Kha sells it to Ga at Ka's purchasing price. What is the loss percentage of Kha?)
Ⓐ ১৬% Ⓑ ২০ % Ⓒ ২২% Ⓓ ২৫%

Solve Ⓑ ধরি, ক এর ক্রয়মূল্য ১০০ টাকা
খ-এর ক্রয়মূল্য (১০০+ ২৫) = ১২৫ টাকা; খ-এর বিক্রয়মূল্য ১০০ টাকা
∴ ক্ষতি = (১২৫ − ১০০) = ২৫ টাকা
ক্ষতি $= \left(\frac{২৫}{১২৫} \times ১০০\right)\% = ২০\%$

শর্তযুক্ত বিক্রয়ের ক্ষেত্রে লাভ-ক্ষতির হার নির্ণয়

09. হোসেন চৌধুরী ১৫৩৬ টাকায় একটি মোবাইল বিক্রয় করায় ২০% ক্ষতি হলো। যদি সে মোবাইলটি ২০০০ টাকা বিক্রয় করতো তবে কত টাকা লাভ কিংবা ক্ষতি হতো? (Due to selling a mobile at 1536 taka Hossain Chowdhury had a loss of 20%. If he had sold the mobile at 2000 taka, how much profit or loss he would have?)
Ⓐ ৩% লাভে Ⓑ ৪% ক্ষতি Ⓒ $৪\frac{১}{৬}$% লাভে Ⓓ $৩\frac{১}{৫}$% ক্ষতি

Solve Ⓒ বিক্রয়মূল্য = ১৫৩৬ টাকা, ক্ষতি = ২০%
ক্রয়মূল্য $= \left(\frac{১০০}{৮০} \times ১৫৩৬\right)$ টাকা = ১৯২০ টাকা
নতুন বিক্রয়মূল্য = ২০০০, লাভ = (২০০০ − ১৯২০) = ৮০ টাকা
∴ লাভ $= \left(\frac{৮০}{১৯২০} \times ১০০\right) = ৪\frac{১}{৬}\%$

পাটিগণিত
অধ্যায় ১৪
সরল সুদকষা

প্রয়োজনীয় তথ্য ও সূত্রাবলি

- **আসল/মূলধন (Principal/Capital: P):** যে টাকা গচ্ছিত রাখা হয় বা ধার দেওয়া হয় বা খাটানো হয়, তাকে আসল বা মূলধন বলে।
- **সুদ (Interest: I):** আসলের অতিরিক্ত যে টাকা ঋণদাতাকে দেওয়া হয়, তাকে সুদ বলে।
- **সুদাসল (Amount):** সুদ ও আসলের টাকাকে একত্রে সুদাসল বা সুদ-মূল বা সবৃদ্ধিমূল বলে।
- **সুদের হার (Rate of Interest: R):** কোনো নির্দিষ্ট টাকার উপর কোনো নির্দিষ্ট সময়ের জন্য যে সুদ দেওয়া হয় তাকে সুদের হার বলে।
- **সুদের শ্রেণিবিভাগ (Classification of interest) :** সুদ দুই প্রকার। যথা :
- **সরল সুদ (Simple interest):** কেবল আসল বা মূলধনের ওপর যে সুদ হিসাব করা হয়, তাকে সরল সুদ বলে।
- **চক্রবৃদ্ধি সুদ (Compound interest):** নির্দিষ্ট সময়ান্তে উদ্ভূত সুদাসলকে ধরে পরবর্তী সময়ের জন্য তার ওপর সুদ নির্ধারণ করা হলে ঐ সুদকে চক্রবৃদ্ধি সুদ বলা হয়।

Formula:

০১. আসল (p) $= \frac{১০০ \times \text{সুদ (i)}}{\text{সময় (t/n)} \times \text{হার (r)}}$
[প্রশ্নে যদি সুদ, সময় ও হার দেওয়া থাকে।]

০২. আসল (p) $= \frac{১০০ \times \text{সুদাসল (Amount)}}{১০০ + (\text{সময় (t/n)} \times \text{হার (r)})}$
[প্রশ্নে যদি সুদাসল, সময় ও হার দেওয়া থাকে।]

০৩. সরল সুদ $(i) = \frac{\text{আসল } (p) \times \text{সময় } (n/t) \times \text{হার } (r)}{১০০}$

০৪. সময় $(n/t) = \frac{১০০ \times \text{সুদ } (i)}{\text{আসল } (p) \times \text{হার } (r)}$

০৫. হার $(r) = \frac{১০০ \times \text{সুদ } (i)}{\text{সময় } (n/t) \times \text{আসল } (p)}$

০৬. চক্রবৃদ্ধি সুদাসল = আসল $(p)\left(১ + \frac{\text{সুদের হার } (r)}{১০০}\right)^{\text{সময় } (t)}$

০৭. আসল $= \frac{\text{সুদাসল} \times ১০০}{১০০ + (\text{সময়} \times \text{হার})} = \frac{১০০ \times a}{১০০ + (t \times r)}$

IMPORTANT MCQ

সুদ ও সুদাসল নির্ণয়

01. You deposited $124 in a bank with an interest rate of 2% each year. If they offer a simple interest rate, what will be you balance after 9 years? (বার্ষিক ২% সরল সুদে একটি ব্যাংকে ১২৪ ডলার গচ্ছিত রাখা হলো। ৯ বছর পর সুদে-মূলে কত টাকা পাওয়া যাবে?)

Ⓐ 146 Ⓑ 22
Ⓒ 190 Ⓓ 200

Solve সরল সুদ $= \frac{\text{আসল} \times \text{সময়} \times \text{হার}}{100} = \frac{124 \times 2 \times 9}{100} = 22.32$

সুদাসল = (আসল + সুদ) = (124 + 22.32) = 146.32 ≈ 146

02. শতকরা বার্ষিক সুদের হার 7 টাকা হলে 650 টাকার 6 বছরের সুদ কত? (Find the interest on Tk. 650 at 7% per annum for 6 years.)

Ⓐ 270 Ⓑ 273 Ⓒ 272 Ⓓ 275

Solve p = 650 টাকা, r = 7%, t = 6 বছর, সুদ (i)= ?

$i = \frac{p \times r \times t}{100} = \frac{650 \times 7 \times 6}{100}$ টাকা = 273 টাকা

সুদের হার নির্ণয়

01. সরল হার সুদে ৫৬০ টাকার ৩ বছরের সুদ ৮৪ টাকা হলে সুদের হার কত? (Tk. 560 earns an interest of Tk 84 in 3 years. Find the rate per cent per annum.)

Ⓐ 3% Ⓑ 5%
Ⓒ 6% Ⓓ 8%

Solve এখানে, p = 560 টাকা, t = 3 বছর, i = 84 টাকা, সুদের হার r = ?

সুদের হার, $r = \frac{100 \times i}{p \times t} = \frac{100 \times 84}{560 \times 3} = 5\%$

আসল/মূলধন নির্ণয়

01. *A total of Taka 1200 is deposited in two saving accounts for one year, part at 5% and the remainder at 7% . If Taka 72 was earned in interest, how much was deposited at 5%? (দুইটি সঞ্চয় হিসেবে 5% এবং 7% হার সুদে সর্বমোট 1200 টাকা এক বছরের জন্য জমা রাখা হলো। যদি সর্বমোট 72 টাকা সুদ পাওয়া যায়, তাহলে 5% হারে কত টাকা জমা রাখা হয়েছিল?)*

Ⓐ 300 Ⓑ 500 Ⓒ 700 Ⓓ 600

Solve 5% হারে x টাকা জমা রাখা থাকলে 7% হারে রাখা ছিল (1200 – x) টাকা

শর্তমতে, x এর 5% + (1200 – x) এর 7% = 72

$\Rightarrow \frac{5x}{100} + \frac{7(1200 - x)}{100} = 72 \Rightarrow 5x + 8400 - 7x = 7200$

$\Rightarrow 2x = 1200 \therefore x = 600$

সময় নির্ণয়

01. বার্ষিক ৮% হার সুদে কত বছরে ৩৫০ টাকার সুদ ১৪০ টাকা হবে?

Ⓐ 8 বছর Ⓑ $8\frac{১}{২}$ বছর Ⓒ ৫ বছর Ⓓ $৫\frac{১}{২}$ বছর

Solve সময় $= \frac{\text{সুদ} \times ১০০}{\text{আসল} \times \text{হার}} = \frac{১৪০ \times ১০০}{৩৫০ \times ৮} = ৫$ বছর

চক্রবৃদ্ধি সুদ

01. What will be the compound interest on a sum of Tk. 25000 after 3 years at the rate of 12 percent per annum? (শতকরা বার্ষিক ১২ টাকা হারে ২৫০০০ টাকার ৩ বছরের চক্রবৃদ্ধি মুনাফা কত?)

Ⓐ 9000.30 Ⓑ 9720
Ⓒ 10483.20 Ⓓ 10123.20

Solve চক্রবৃদ্ধি সুদাসল = আসল $\left(1 + \frac{\text{সুদের হার}}{100}\right)^{\text{সময়}}$

$= 25000\left(1 + \frac{12}{100}\right)^3 = 35123.2$

সুদ = (সুদাসল – আসল) = (35123.2 – 25000) = 10123.20

পাটিগণিত অধ্যায় ১৫

পরিমাপ ও ক্ষেত্রফল

প্রয়োজনীয় তথ্য ও সূত্রাবলি

- **মেট্রিক পদ্ধতি :** যে আন্তর্জাতিক একক পদ্ধতিতে ওজন, দৈর্ঘ্য, ভর ইত্যাদি পরিমাপ করা হয় তাকে মেট্রিক পদ্ধতি বলে।
- **পরিমাপের বিভিন্ন পদ্ধতির অর্থ :**
  C.G.S = Centimetre Gram Second System
  F.P.S = Foot Pound Second System
  M.K.S = Metre Kilogram Second System
  S.I = International System of Units
- **বিভিন্ন পদ্ধতিতে একক :**

রাশি	C.G.S	F.P.S	M.K.S
দৈর্ঘ্য	সেন্টিমিটার (Centimetre)	ফুট (Foot)	মিটার (Metre)
ভর	গ্রাম (Gram)	পাউন্ড (Pound)	কিলোগ্রাম (Kilogram)
সময়	সেকেন্ড (Second)		

- **মূল একক ও তার প্রতীক (Main unit and its symbol):**
  - ক্ষেত্র পরিমাপের একক– বর্গমিটার, প্রতীক- m^2
  - আয়তন পরিমাপের একক– ঘনমিটার, প্রতীক m^3
  - ঘনত্ব পরিমাপের একক– ঘনমিটার প্রতি কিলোগ্রাম, প্রতীক- m^3/kg
  - দ্রুতি পরিমাপের একক– মিটার প্রতি সেকেন্ডে, প্রতীক- m/s
  - দ্রুতি পরিমাপের একক– ক্যানডেলা প্রতি বর্গমিটার, প্রতীক- Cd/m^2
- **পরিমাপ/দূরত্ব (Measurement):**
  - ১ ইঞ্চি = ২৫.৪ মিলিমিটার/ ২.৫৪ সেন্টিমিটার
  - ১ মিটার = ৩৯.৩৭ ইঞ্চি
  - ১ মাইল = ১.৬০৯ কিলোমিটার
  - ১ গজ = ০.৯১৪৪ মিটার (প্রায়)
  - ১ নটিক্যাল মাইল = ১.৮৫২ কিলোমিটার/১.১৫৩ মাইল

CamScanner



CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

03. এক বর্গকিলোমিটারের পরিমাপ-

Ⓐ 300 একর Ⓑ 540 একর
Ⓒ 400 একর Ⓓ 247 একর **Ans(D)**

ওজন সম্পর্কিত

❑ ওজন সম্পর্কিত প্রয়োজনীয় এককসমূহের মধ্যে সম্পর্ক:

বিভিন্ন এককের মধ্যে সম্পর্কসমূহ	
1 কুইন্টাল = 100 কিলোগ্রাম	1 সের = 0.93 কিলোগ্রাম
1 কিলোগ্রাম = 1000 গ্রাম	1 টন = 1000 কিলোগ্রাম
1 কিলোগ্রাম = 2.20 পাউন্ড	1 মিলিগ্রাম = 0.000001 কিলোগ্রাম
1 মেট্রিকটন = 1000 কেজি	1 মণ = 37.32 কিলোগ্রাম
1 মেট্রিকটন = 10 কুইন্টাল	1 মণ = 40 সের
1 কিলোগ্রাম = 1.07 সের	1 গ্রাম = 1000 মিলিগ্রাম

❑ জেনে রাখুন:

- ওজন পরিমাপ এর মূল একক গ্রাম।
- কিলোগ্রাম > হেক্টোগ্রাম > ডেকাগ্রাম > গ্রাম > ডেসিগ্রাম > সেন্টিগ্রাম > মিলিগ্রাম

IMPORTANT MCQ

01. 20573.4 মিলিগ্রামে কত কিলোগ্রাম?

Ⓐ 205734 Ⓑ 0.205734
Ⓒ 0.0205734 Ⓓ 0.00205734

Solve (C) আমরা জানি, 1 মিলিগ্রাম = 0.000001 কিলোগ্রাম

∴ 20573.4 মিলিগ্রাম = (0.000001 × 20573.4)
= 0.0205734 কিলোগ্রাম

02. ১ টন = কত পাউন্ড?

Ⓐ ১০০০ Ⓑ ১১৬.৮ Ⓒ ১৪০০ Ⓓ ২২৪০

Solve (D) আমরা জানি, ১ টন = ২২৪০ পাউন্ড।

03. ১ পাউন্ড = কত আউন্স?

Ⓐ ১৪ আউন্স Ⓑ ১২ আউন্স Ⓒ ১৮ আউন্স Ⓓ ১৬ আউন্স

Solve (D) ১ পাউন্ড = ১৬ আউন্স, ১ কেজি = ২.২ পাউন্ড

04. এক সের সমান কত কিলোগ্রাম?

Ⓐ 0.97 কিলোগ্রাম (প্রায়) Ⓑ 0.93 কিলোগ্রাম (প্রায়)
Ⓒ 1.07 কিলোগ্রাম (প্রায়) Ⓓ 1.09 কিলোগ্রাম (প্রায়) **Ans(B)**

আয়তন সম্পর্কিত

❑ আয়তন সম্পর্কিত প্রয়োজনীয় এককসমূহের মধ্যে সম্পর্ক:

বিভিন্ন এককের মধ্যে সম্পর্কসমূহ	
1 লিটার = 1000 ঘন সে.মি.	1 গ্যালন = 4.55 লিটার (প্রায়)
1 লিটার = 0.22 গ্যালন (UK)	1 স্টেয়র = 1 ঘন মিটার
1 লিটার = 0.26 গ্যালন (US)	1 স্টেয়র = 36.3 ঘনফুট

❑ জেনে রাখুন:

- তরল পদার্থ পরিমাপের মূল একক লিটার।
- তরল পদার্থ পরিমাপের অন্য একটি একক ব্যারেল।
- এক ঘনমিটার পানির ওজন = 1000 লিটার = 1000 কেজি (বিশুদ্ধ পানির ক্ষেত্রে)।
- 1 লিটার পানির ওজন = 1 কেজি (বিশুদ্ধ পানির ক্ষেত্রে)।
- 4 ডিগ্রি সেন্টিগ্রেড তাপমাত্রায় 1 লিটার পানির ওজন = 1 কেজি।

IMPORTANT MCQ

01. 3 লিটার পানির ভর-

Ⓐ 2.5 কেজি Ⓑ 2.75 কেজি
Ⓒ 4.00 কেজি Ⓓ 3.00 কেজি **Ans(D)**

02. 4 ডিগ্রি সেন্টিগ্রেড তাপমাত্রায় 1 লিটার পানির ওজন-

Ⓐ 1.4 কেজি Ⓑ 1.2 কেজি
Ⓒ 0.96 কেজি Ⓓ 1.0 কেজি **Ans(D)**

03. এক ঘন মিটার পানির ওজন কত?

Ⓐ 100 লিটার Ⓑ 1000 লিটার
Ⓒ 250 লিটার Ⓓ 500 লিটার **Ans(B)**

04. কত কিউবিক সেন্টিমিটার (সি.সি.) তে 1 লিটার হয়?

Ⓐ 10 Ⓑ 100
Ⓒ 1000 Ⓓ 10000 **Ans(C)**

05. এক গ্যালন = কত লিটার?

Ⓐ 3.5 Ⓑ 4
Ⓒ 4.55 Ⓓ 5 **Ans(C)**

বড় সংখ্যার তালিকা

❑ বড় সংখ্যার তালিকা:

সংখ্যার নাম	আমেরিকান নিয়ম	ব্রিটিশ নিয়ম
মিলিয়ন	10^6	10^6
বিলিয়ন	10^9	10^{12}
ট্রিলিয়ন	10^{12}	10^{18}

❑ জেনে রাখুন: 1 মিলিয়ন = 10 লক্ষ
1 কোটি = 10 মিলিয়ন = 10 × 10 লক্ষ = 100 লক্ষ
1 বিলিয়ন = 100 কোটি; 1 ট্রিলিয়ন = 1 লক্ষ কোটি

❑ সময় পরিমাপের ক্ষেত্রে:
মিলিসেকেন্ড > মাইক্রোসেকেন্ড > ন্যানো সেকেন্ড > পিকোসেকেন্ড

IMPORTANT MCQ

01. 9 কোটি সমান কত মিলিয়ন?

Ⓐ 90 মিলিয়ন Ⓑ এক মিলিয়ন Ⓒ 9 বিলিয়ন Ⓓ 900 মিলিয়ন

Solve (A) 1 কোটি = 10 মিলিয়ন

∴ 9 " = (10 × 9) মিলিয়ন = 90 মিলিয়ন

02. ব্রিটিশ 1 বিলিয়ন আমেরিকান 1 মিলিয়নের কত গুণ?

Ⓐ 10 Ⓑ 100 Ⓒ 1000 Ⓓ একই সমান

Solve (C) ব্রিটিশ 1 বিলিয়ন = 10^{12}
আমেরিকা 1 বিলিয়ন = 10^9

∴ ব্রিটিশ 1 বিলিয়ন আমেরিকার 1 বিলিয়নের $\frac{10^{12}}{10^9}$ গুণ = $\frac{10^9 \times 10^3}{10^9}$
= 10^3 = 1000 গুণ

03. 50 মিলিয়নে কত কোটি?

Ⓐ 500 কোটি Ⓑ 5 কোটি Ⓒ 50 কোটি Ⓓ 20 কোটি

Solve (B) 10 মিলিয়ন = 1 কোটি

∴ 1 " = $\frac{1}{10}$ "

∴ 50 " = $\frac{1 \times 50}{10}$ = 5 কোটি

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

বীজগণিত

বীজগণিত অধ্যায় ১

বীজগণিতের সূত্রাবলি

বর্গের প্রয়োজনীয় সূত্র ও অনুসিদ্ধান্তসমূহ

- $(a+b)^2 = a^2 + 2ab + b^2 = (a-b)^2 + 4ab$
- $(a-b)^2 = a^2 - 2ab + b^2 = (a+b)^2 - 4ab$
- $a^2 + b^2 = (a+b)^2 - 2ab = (a-b)^2 + 2ab$
- $a^2 - b^2 = (a+b)(a-b)$
- $2(a^2+b^2) = (a+b)^2 + (a-b)^2$
- $ab = \left(\frac{a+b}{2}\right)^2 - \left(\frac{a-b}{2}\right)^2$
- $\frac{1}{2}\{(a+b)^2 + (a-b)^2\} = a^2 + b^2$
- $4ab = (a+b)^2 - (a-b)^2$
- $(x+a)(x+b) = x^2 + (a+b)x + ab$
- $(a+b+c)^2 = a^2 + b^2 + c^2 + 2ab + 2bc + 2ca$
- $a^2 + b^2 + c^2 = (a+b+c)^2 - 2(ab + bc + ca)$
- $2(ab + bc + ca) = (a+b+c)^2 - (a^2 + b^2 + c^2)$
- $(a-b)^2 + (b-c)^2 + (c-a)^2 = 2(a^2 + b^2 + c^2 - ab - bc - ca)$

ঘন এর প্রয়োজনীয় সূত্রসমূহ

- $(a+b)^3 = a^3 + 3a^2b + 3ab^2 + b^3 = a^3 + b^3 + 3ab(a+b)$
- $(a-b)^3 = a^3 - 3a^2b + 3ab^2 - b^3 = a^3 - b^3 - 3ab(a-b)$
- $a^3 + b^3 = (a+b)^3 - 3ab(a+b) = (a+b)(a^2 - ab + b^2)$
- $a^3 - b^3 = (a-b)^3 + 3ab(a-b) = (a-b)(a^2 + ab + b^2)$
- $a^3 + b^3 + c^3 - 3abc = (a+b+c)(a^2 + b^2 + c^2 - ab - bc - ca)$
  $= \frac{1}{2}(a+b+c)\{(a-b)^2 + (b-c)^2 + (c-a)^2\}$

IMPORTANT MCQ

01. $\frac{x}{y}$ এর সাথে কত যোগ করলে যোগফল $\frac{y}{x}$ হবে?

Ⓐ $\frac{y^2-x^2}{xy}$ Ⓑ $\frac{x^2-y^2}{xy}$ Ⓒ $\frac{2y^2-x^2}{xy}$ Ⓓ $\frac{y^2-2x^2}{xy}$

Ans Ⓐ Solve প্রশ্নমতে, $\frac{x}{y} + p = \frac{y}{x} \Rightarrow p = \frac{y}{x} - \frac{x}{y} \therefore p = \frac{y^2-x^2}{xy}$

02. $\frac{\sqrt{2}}{\sqrt{6}+2}$ = কত?

Ⓐ $\sqrt{3}+\sqrt{2}$ Ⓑ $3-\sqrt{2}$ Ⓒ $\sqrt{3}-\sqrt{2}$ Ⓓ $\sqrt{3}+\sqrt{2}$

Ans Ⓒ Solve $\frac{\sqrt{2}}{\sqrt{6}+2} = \frac{\sqrt{2}(\sqrt{6}-2)}{(\sqrt{6}+2)(\sqrt{6}-2)} = \frac{\sqrt{2}(\sqrt{2}\sqrt{3}-\sqrt{2}\sqrt{2})}{(\sqrt{6})^2-(2)^2}$
$= \frac{\sqrt{2}\sqrt{2}(\sqrt{3}-\sqrt{2})}{6-4} = \sqrt{3}-\sqrt{2}$

03. $x^2 - 8x - 8y + 16 + y^2$ রাশিটির সঙ্গে কোনটি যোগ করলে যোগফল পূর্ণবর্গ হবে?

Ⓐ $-2xy$ Ⓑ $8xy$ Ⓒ $2xy$ Ⓓ $-9xy$

Ans Ⓒ Solve $x^2 - 8x - 8y + 16 + y^2$
$= (x)^2 + (y)^2 + (-4)^2 + 2xy + 2y \times (-4) + 2 \times (-4) \times x - 2xy$
$= \{x + y + (-4)\}^2 - 2xy$
$\therefore x^2 - 8x - 8y + 16 + y^2$ এর সাথে $2xy$ যোগ করলে যোগফল পূর্ণবর্গ হবে।

04. $(a-2b)^3$ এর মান কত?

Ⓐ $a^3 - 8b^3 - 6a^2b + 12ab^2$ Ⓑ $a^3 + 8b^3 + 6a^2b + 12ab^2$
Ⓒ $a^3 + 8b^3 - 12ab$ Ⓓ $a^3 - 8b^3 - 12a^2b + 6ab^2$

Ans Ⓐ Solve $(a-2b)^3 = a^3 - 3a^2(2b) + 3a(2b)^2 - (2b)^3$
$= a^3 - 6a^2b + 12ab^2 - 8b^3$

05. $a+b=5$ এবং $ab=6$ হলে, a^3+b^3 এর মান কত?

Ⓐ 30 Ⓑ 35 Ⓒ 40 Ⓓ 45

Ans Ⓑ Solve $a^3 + b^3 = (a+b)^3 - 3ab(a+b)$
$= (5)^3 - 3 \times 6 \times 5 = 125 - 90 = 35$
$= x^3 - 1^3 = x^3 - 1$

06. $6x^2 - 7x - 4 = 0$ সমীকরণে মূলদ্বয়ের প্রকৃতি কোনটি?

Ⓐ বাস্তব ও সমান Ⓑ বাস্তব ও অসমান
Ⓒ অবাস্তব Ⓓ পূর্ণবর্গ সংখ্যা

Ans Ⓑ Solve প্রদত্ত সমীকরণ: $6x^2 - 7x - 4 = 0$
নিশ্চায়ক, $D = b^2 - 4ac = (-7)^2 - 4.6.(-4)$
$= 49 + 96 = 145$; যা ধনাত্মক
$\therefore$ প্রদত্ত সমীকরণের মূলদ্বয় হবে বাস্তব ও অসমান।

07. p এর মান কত হলে, $4x^2 - px + 9 = 0$ একটি পূর্ণবর্গ হবে?

Ⓐ 12 Ⓑ 9
Ⓒ 17 Ⓓ 15

Ans Ⓐ Solve দ্বিঘাত সমীকরণের মূলগুলো সমান হলে, $b = \sqrt{4ac}$.
$\therefore p = \sqrt{4 \times 4 \times 9} = \sqrt{144} = 12$

08. $\frac{x}{y}$ এর সাথে কত যোগ করলে যোগফল $\frac{y}{x}$ হবে?

Ⓐ $\frac{y^2-x^2}{xy}$ Ⓑ $\frac{x^2-y^2}{xy}$ Ⓒ $\frac{2y^2-x^2}{xy}$ Ⓓ $\frac{y^2-2x^2}{xy}$

Ans Ⓐ Solve প্রশ্নমতে, $\frac{x}{y} + p = \frac{y}{x} \Rightarrow p = \frac{y}{x} - \frac{x}{y} \therefore p = \frac{y^2-x^2}{xy}$

09. $\frac{\sqrt{2}}{\sqrt{6}+2}$ = কত?

Ⓐ $\sqrt{3}+\sqrt{2}$ Ⓑ $3-\sqrt{2}$ Ⓒ $\sqrt{3}-\sqrt{2}$ Ⓓ $\sqrt{3}+\sqrt{2}$

Ans Ⓒ Solve $\frac{\sqrt{2}}{\sqrt{6}+2} = \frac{\sqrt{2}(\sqrt{6}-2)}{(\sqrt{6}+2)(\sqrt{6}-2)} = \frac{\sqrt{2}(\sqrt{2}\sqrt{3}-\sqrt{2}\sqrt{2})}{(\sqrt{6})^2-(2)^2}$
$= \frac{\sqrt{2}\sqrt{2}(\sqrt{3}-\sqrt{2})}{6-4} = \sqrt{3}-\sqrt{2}$

10. $x^2 - 8x - 8y + 16 + y^2$ রাশিটির সঙ্গে কোনটি যোগ করলে যোগফল পূর্ণবর্গ হবে?

Ⓐ $-2xy$ Ⓑ $8xy$ Ⓒ $2xy$ Ⓓ $-9xy$

Ans Ⓒ Solve $x^2 - 8x - 8y + 16 + y^2$
$= (x)^2 + (y)^2 + (-4)^2 + 2xy + 2y \times (-4) + 2 \times (-4) \times x - 2xy$
$= \{x + y + (-4)\}^2 - 2xy$
$\therefore x^2 - 8x - 8y + 16 + y^2$ এর সাথে $2xy$ যোগ করলে যোগফল পূর্ণবর্গ হবে।

11. $9c^2 + 14c$ এর সাথে কত যোগ করলে যোগফল একটি পূর্ণবর্গ হবে?

Ⓐ $\frac{49}{9}$ Ⓑ $\frac{14}{9}$ Ⓒ 7 Ⓓ $\frac{7}{3}$

Ans Ⓐ Solve $9c^2 + 14c$
$= (3c)^2 + 2.3c.\frac{7}{3} + \left(\frac{7}{3}\right)^2 - \left(\frac{7}{3}\right)^2 = \left(3c + \frac{7}{3}\right)^2 - \frac{49}{9}$
$\therefore 9c^2 + 14c$ এর সাথে $\frac{49}{9}$ যোগ করলে যোগফল একটি পূর্ণবর্গ হবে।

12. যদি $a + b = 15$ ও $a - b = 5$ হয়, তবে $a^2 - b^2 =$ কত?

Ⓐ 25 Ⓑ 50 Ⓒ 75 Ⓓ 100

Solve $a^2 - b^2 = (a + b)(a - b) = 15 \times 5 = 75$

13. x পূর্ণসংখ্যা হলে $16x^2 + 16x + 2$ এর সাথে ন্যূনতম কত যোগ করলে এটি একটি পূর্ণবর্গ সংখ্যা হবে?

Ⓐ 2 Ⓑ 4 Ⓒ 1 Ⓓ 3

Solve $16x^2 + 16x + 2$

$= (4x)^2 + 2.4x.2 + 2^2 - 2$

$= (4x + 2)^2 - 2$ ∴ 2 যোগ করলে সংখ্যাটি পূর্ণবর্গ হবে।

14. $x = \sqrt{5} + \sqrt{3}$ হলে, $\frac{x^2 + 2}{2x}$ এর মান কত?

Ⓐ $8\sqrt{3}$ Ⓑ $4\sqrt{2}$ Ⓒ $\sqrt{5}$ Ⓓ $\sqrt{3}$

Solve $\frac{x^2 + 2}{2x} = \frac{(\sqrt{5} + \sqrt{3})^2 + 2}{2(\sqrt{5} + \sqrt{3})}$

$= \frac{5 + 3 + 2\sqrt{5}\sqrt{3} + 2}{2(\sqrt{5} + \sqrt{3})}$

$= \frac{2\sqrt{5}(\sqrt{5} + \sqrt{3})}{2(\sqrt{5} + \sqrt{3})} = \sqrt{5}$

15. $(2x + 3y)$ এর বর্গ কত?

Ⓐ $2x^2 + 6xy + 6x^2$ Ⓑ $4x^2 + 12xy + 9y^2$

Ⓒ $4x^2 + 6xy + 6y^2$ Ⓓ $2x^2 + 12xy + 6y^2$

Solve $(2x + 3y)^2 = (2x)^2 + 2.2x.3y + (3y)^2$

$= 4x^2 + 12xy + 9y^2$

16. $a + b = 12$ এবং $ab = 35$ হলে, $a^2 + b^2$ এর মান কত?

Ⓐ 4 Ⓑ 49 Ⓒ 74 Ⓓ 214

Solve $a^2 + b^2 = (a + b)^2 - 2ab$

$= (12)^2 - 2 \times 35 = 144 - 70 = 74$

17. $a + b = 17$ এবং $ab = 60$ হলে, $(a - b)^2$ এর মান কত?

Ⓐ 49 Ⓑ 64 Ⓒ 36 Ⓓ 125

Solve $(a - b)^2 = (a + b)^2 - 4ab$

$= (17)^2 - 4 \times 60 = 289 - 240 = 49$

18. $a - b = 3$ এবং $ab = 108$ হলে, $a^2 - b^2$ এর মান কত?

Ⓐ ± 63 Ⓑ $+63$ Ⓒ 63 Ⓓ -63

Solve $(a + b)^2 = (a - b)^2 + 4ab$

$= 3^2 + 4 \times 108 = 9 + 432 = 441$

$\therefore a + b = \sqrt{441} = \pm 21$

প্রদত্ত রাশিমালা $= a^2 - b^2 = (a + b)(a - b) = \pm 21 \times 3 = \pm 63$

19. যদি $(x - y)^2 = 12$ এবং $xy = 1$ হয় তবে $x^2 + y^2 =$ কত?

Ⓐ 11 Ⓑ 12 Ⓒ 13 Ⓓ 14

Solve $x^2 + y^2 = (x - y)^2 + 2xy = 12 + 2 \times 1 = 14$

20. $a + b = 4$ এবং $a - b = 2$ হলে, $a^2 + b^2$ এর মান কত?

Ⓐ 5 Ⓑ 10 Ⓒ 15 Ⓓ 20

Solve $2(a^2 + b^2) = (a + b)^2 + (a - b)^2 = (4)^2 + (2)^2 = 20$

$\therefore a^2 + b^2 = 10$

21. $a^3 - b^3 = 513$ এবং $a - b = 3$ হলে, $ab =$ কত?

Ⓐ 54 Ⓑ 35 Ⓒ 45 Ⓓ 55

Solve $a^3 - b^3 = (a - b)^3 + 3ab(a - b)$

$\Rightarrow 513 = 3^3 + 3 \times ab \times 3$

$\Rightarrow 9ab = 513 - 27 \Rightarrow 9ab = 486 \therefore ab = 54$

22. $m - n = x$ এবং $mn = 6x^2$ হলে $m^3 - n^3 =$ কত?

Ⓐ $19x^2$ Ⓑ $19x^3$ Ⓒ $18x^2$ Ⓓ $18x^3$

Solve $m^3 - n^3 = (m - n)^3 + 3mn(m - n)$

$= (x)^3 + 3.6x^2.x = x^3 + 18x^3 = 19x^3$

23. $x = \sqrt{3} + \sqrt{2}$ হলে, $x^3 + \frac{1}{x^3}$ এর মান কত?

Ⓐ $3\sqrt{2}$ Ⓑ $18\sqrt{3}$ Ⓒ $12\sqrt{3}$ Ⓓ 8

Solve $x = \sqrt{3} + \sqrt{2}$

$\therefore \frac{1}{x} = \frac{1}{\sqrt{3} + \sqrt{2}} = \frac{(\sqrt{3} - \sqrt{2})}{(\sqrt{3} + \sqrt{2})(\sqrt{3} - \sqrt{2})}$

$= \frac{\sqrt{3} - \sqrt{2}}{3 - 2} = \sqrt{3} - \sqrt{2}$

$\therefore (x + \frac{1}{x}) = \sqrt{3} + \sqrt{2} + \sqrt{3} - \sqrt{2} = 2\sqrt{3}$

$\therefore x^3 + \frac{1}{x^3} = (x + \frac{1}{x})^3 - 3.x.\frac{1}{x}(x + \frac{1}{x})$

$= (2\sqrt{3})^3 - 3.2\sqrt{3} = 24\sqrt{3} - 6\sqrt{3} = 18\sqrt{3}$

24. $x + y = 2$, $x^2 + y^2 = 4$ হলে, $x^3 + y^3 =$ কত?

Ⓐ 4 Ⓑ 8 Ⓒ 16 Ⓓ 25

Solve $x^2 + y^2 = 4 \Rightarrow (x + y)^2 - 2xy = 4$

$\Rightarrow 2^2 - 4 = 2xy \Rightarrow 2^2 - 4 = 2xy \Rightarrow 0 = 2xy \therefore xy = 0$

প্রদত্ত রাশি $= x^3 + y^3 = (x + y)^3 - 3xy(x + y) = 2^3 - 3 \times 0 \times 2 = 8$

25. $a - \frac{1}{a} = 3$ হলে, $a^3 + \frac{1}{a^3} =$ কত?

Ⓐ 36 Ⓑ 79 Ⓒ 27 Ⓓ 94

Solve $a - \frac{1}{a} = 3$

$\Rightarrow \left(a - \frac{1}{a}\right)^2 = 3^2$ [উভয়পক্ষকে বর্গ করে]

$\Rightarrow \left(a + \frac{1}{a}\right)^2 - 4.a.\frac{1}{a} = 9$

$\Rightarrow \left(a + \frac{1}{a}\right)^2 = 9 + 4 \quad \therefore a + \frac{1}{a} = \sqrt{13}$

$\therefore a^3 + \frac{1}{a^3} = \left(a + \frac{1}{a}\right)^3 - 3.a.\frac{1}{a}\left(a + \frac{1}{a}\right)$

$= (\sqrt{13})^3 - 3\sqrt{13} = 13\sqrt{13} - 3\sqrt{13}$

$= 10\sqrt{13} = 10 \times 3.6 = 36$ [$\sqrt{13} = 3.61$]

26. $a + \frac{1}{a} = 3$ হলে, $a^9 + \frac{1}{a^9} =$ কত?

Ⓐ 3578 Ⓑ 3778 Ⓒ 5778 Ⓓ 5078

Solve $a^9 + \frac{1}{a^9} = (a^3)^3 + \left(\frac{1}{a}\right)^3$

$= \left(a^3 + \frac{1}{a^3}\right)^3 - 3.a^3.\frac{1}{a^3}\left(a^3 + \frac{1}{a^3}\right)$

$= \left\{\left(a + \frac{1}{a}\right)^3 - 3\left(a + \frac{1}{a}\right)\right\}^3 - 3\left\{\left(a + \frac{1}{a}\right)^3 - 3\left(a + \frac{1}{a}\right)\right\}$

$= \{(3^3 - 3 \times 3)\}^3 - 3\{(3^3 - 3 \times 3)\}$

$= 18^3 - 3 \times 18 = 18(18^2 - 3)$

$= 18 \times 321 = 5778$

CamScanner

27. $x=\sqrt{3}+\sqrt{2}$ হলে, $x^3-\frac{1}{x^3}$ এর মান কত?

Ⓐ $18\sqrt{3}$ Ⓑ $18\sqrt{2}$ Ⓒ $22\sqrt{2}$ Ⓓ $22\sqrt{3}$

Solve Ⓒ $x=\sqrt{3}+\sqrt{2}$

$$\therefore \frac{1}{x}=\frac{1}{\sqrt{3}+\sqrt{2}}=\frac{(\sqrt{3}-\sqrt{2})}{(\sqrt{3}+\sqrt{2})(\sqrt{3}-\sqrt{2})}$$

$$=\frac{\sqrt{3}-\sqrt{2}}{(\sqrt{3})^2-(\sqrt{2})^2}=\frac{\sqrt{3}-\sqrt{2}}{3-2}=\sqrt{3}-\sqrt{2}$$

$$\therefore x-\frac{1}{x}=(\sqrt{3}+\sqrt{2})-(\sqrt{3}-\sqrt{2})=\sqrt{3}+\sqrt{2}-\sqrt{3}+\sqrt{2}=2\sqrt{2}$$

$$\therefore x^3-\frac{1}{x^3}=\left(x-\frac{1}{x}\right)^3+3.x.\frac{1}{x}\left(x-\frac{1}{x}\right)$$

$$=(2\sqrt{2})^3+3\times 2\sqrt{2}=16\sqrt{2}+6\sqrt{2}=22\sqrt{2}$$

28. যদি $x^4-x^2+1=0$ হয়, তবে $x^3+\frac{1}{x^3}=?$

Ⓐ 3 Ⓑ 2 Ⓒ 1 Ⓓ 0

Solve Ⓓ $x^4-x^2+1=0$

$$\Rightarrow x^4+1=x^2 \Rightarrow x^2+\frac{1}{x^2}=1$$

$$\Rightarrow (x+\frac{1}{x})^2-2.x.\frac{1}{x}=1$$

$$\Rightarrow (x+\frac{1}{x})^2=3$$

$$\therefore x+\frac{1}{x}=\sqrt{3}$$

প্রদত্ত রাশি $=x^3+\frac{1}{x^3}$

$$=(x+\frac{1}{x})^3-3(x+\frac{1}{x})$$

$$=(\sqrt{3})^3-3\sqrt{3}$$

$$=3\sqrt{3}-3\sqrt{3}$$

$$=0$$

29. $a^3+b^3=16$, এবং $a+b=4$ হলে, $ab=?$

Ⓐ 1 Ⓑ 2 Ⓒ 3 Ⓓ 4

Solve Ⓓ $a^3+b^3=16 \Rightarrow (a+b)^3-3ab(a+b)=16$

$$\Rightarrow (4)^3-3ab(4)=16 \Rightarrow 64-12ab=16$$

$$\Rightarrow 64-16=12ab \Rightarrow 12ab=48 \quad \therefore ab=4$$

30. $a+3+\frac{1}{a}=0$ হলে, $a^3+\frac{1}{a^3}=$ কত?

Ⓐ 18 Ⓑ 20 Ⓒ -18 Ⓓ -20

Solve Ⓒ $a+3+\frac{1}{a}=0 \Rightarrow a+\frac{1}{a}=-3$

এখন, $a^3+\frac{1}{a^3}=\left(a+\frac{1}{a}\right)^3-3.a.\frac{1}{a}\left(a+\frac{1}{a}\right)$

$$=(-3)^3-3\times(-3)=-27+9=-18$$

31. $x-\frac{1}{x}=\sqrt{5}$ হলে, $x^3-\frac{1}{x^3}=$ কত?

Ⓐ $8\sqrt{5}$ Ⓑ $10\sqrt{2}$ Ⓒ 5 Ⓓ 8

Solve Ⓐ $x^3-\frac{1}{x^3}=\left(x-\frac{1}{x}\right)^3+3.x.\frac{1}{x}\left(x-\frac{1}{x}\right)$

$$=(\sqrt{5})^3+3\sqrt{5}=5\sqrt{5}+3\sqrt{5}=8\sqrt{5}$$

32. $x+y+z=0$ হলে, $\frac{1}{3}(x^3+y^3+z^3)$ এর মান কত?

Ⓐ $3xyz$ Ⓑ $-3xyz$ Ⓒ $-xyz$ Ⓓ xyz

Solve Ⓓ $\frac{1}{3}(x^3+y^3+z^3)$

$$=\frac{1}{3}(x^3+y^3+z^3-3xyz+3xyz)$$

$$=\frac{1}{3}\{(x+y+z)(x^2+y^2+z^2-xy-yz-zx)+3xyz\}$$

$$=\frac{1}{3}\{0\times(x^2+y^2+z^2-xy-yz-zx)+3xyz\}$$

$$=\frac{1}{3}\{0+3xyz\}=\frac{1}{3}(3xyz)=xyz$$

বীজগণিত

অধ্যায় ২

বাস্তব সংখ্যা ও অসমতা

প্রয়োজনীয় তথ্য ও সূত্রাবলি

❐ **পরমমান (Absolute value):** সকল বাস্তব সংখ্যার সেটকে R দ্বারা প্রকাশ করা হলে, যদি $x\in R$ হয় তাহলে x এর পরমমান $|x|$ (পড়তে হয়, Modulus of x) দ্বারা সূচিত করা হয়।

এর সংজ্ঞা নিম্নরূপ: $|x|=\begin{cases} x \text{ যখন } x\geq 0 \\ -x \text{ যখন } x<0 \end{cases}$

❐ **অসমতা (Inequity):** অসমান রাশিকে সমান সমান ঋণাত্মক সংখ্যা দ্বারা গুণ বা ভাগ করলে অসমতার দিক পাল্টে যায়।

সাধারণভাবে বলা যায়, যদি $a<b$ হয়, তবে,

$a+c<b+c$	c এর যেকোনো মানের জন্য
$a-c<b-c$	c এর যেকোনো মানের জন্য
$ac<bc$	c এর ধনাত্মক মানের জন্য
$\frac{a}{c}<\frac{b}{c}$	c এর ধনাত্মক মানের জন্য
কিন্তু $ac>bc$	c এর ঋণাত্মক মানের জন্য
$\frac{a}{c}>\frac{b}{c}$	c এর ঋণাত্মক মানের জন্য

❐ **দ্বিঘাত অসমতা (quadratic inequity):** দ্বিঘাত সমীকরণ সমাধান যেমন বাস্তব সংখ্যার ধর্ম $ab=0$ হলে, $a=0$ অথবা $b=0$ হতে মূখ্য ভূমিকা পালন করে। নিম্নলিখিত ধর্ম, $ab>0$ হবে যদি এবং কেবল যদি a, b উভয়ে ধনাত্মক অথবা উভয়ে ঋণাত্মক।

জেনে রাখা ভালো:

i. $a<b$ এবং $c>0$ হলে, $ac<bc$

ii. $a<b$ এবং $c<0$ হলে, $ac>bc$

iii. $a>b$ এবং $c>0$ হলে, $ac>bc$ এবং $\frac{a}{c}>\frac{b}{c}$

iv. $a>b$ এবং $c<0$ হলে, $ac<bc$ এবং $\frac{a}{c}<\frac{b}{c}$

IMPORTANT MCQ

01. যদি $x>2$ এবং $y>-1$ হয়, তবে কোনটি সঠিক?

Ⓐ $xy>-2$ Ⓑ $-x<2y$ Ⓒ $xy<-2$ Ⓓ $-x>2y$

Solve Ⓐ $x>2; y>-1 \quad \therefore xy>-2$

02. যদি $xyz<0$ এবং $z=0$ হয়, তবে নিচের কোনটি অবশ্যই সঠিক হবে?

Ⓐ $xy>0$ Ⓑ $xy<0$

Ⓒ $xy<z$ Ⓓ কোনোটিই নয় Ans Ⓐ

03. যদি $P=\frac{3}{5}; q=\frac{7}{9}$ এবং $r=\frac{5}{7}$ হয়, তবে নিম্নে কোনটি সঠিক?

Ⓐ $p<q<r$ Ⓑ $r<r<p$ Ⓒ $p<r<q$ Ⓓ $r<q<p$

Solve Ⓒ $p:q:r=\frac{3}{5}:\frac{7}{9}:\frac{5}{7}$ বা $0.6:0.77:0.7$

$\therefore p<r<q$

04. যদি $3-2x\leq 7$ তবে-

Ⓐ $x\leq 2$ Ⓑ $x\geq 2$ Ⓒ $x\leq -2$ Ⓓ $x\geq -2$

Solve Ⓓ $3-2x\leq 7 \Rightarrow -2x\leq 7-3$

$\Rightarrow -2x\leq 4 \Rightarrow x\geq -2$

05. a ও b positive integers এবং $\frac{a-b}{3.5}=\frac{4}{7}$ তাহলে

Ⓐ $b<a$ Ⓑ $b>a$ Ⓒ $b=a$ Ⓓ $b\geq a$

Ans A Solve $\frac{a-b}{3.5}=\frac{4}{7} \Rightarrow a-b=\frac{4\times 3.5}{7}$

$\Rightarrow a-b=2 \Rightarrow a=2+b \therefore a>b$

06. যদি $x<y$ এবং $a<b$ হয়, তবে কোন সম্পর্কটি সঠিক?
(If $x<y$ and $a<b$, which relation is correct?)

Ⓐ $a+x<b+y$ Ⓑ $a+x>b+y$
Ⓒ $a=y$ Ⓓ $a^x=b^y$

Ans A Solve $x<y$ ..... (i) $a<b$ ..... (ii)

∴ (i) ও (ii) নং অসমতা যোগ করি, $a+x>b+y$

বীজগণিত

অধ্যায় ৩ উৎপাদকে বিশ্লেষণ

প্রয়োজনীয় তথ্য ও সূত্রাবলি

❑ **উৎপাদক (Factor):**
যদি একটি রাশি দুই বা ততোধিক রাশির গুণফলের সমান হয় তাহলে শেষোক্ত রাশিগুলোর প্রত্যেকটিকে প্রথমোক্ত রাশির উৎপাদক বা গুণনীয়ক বলে।

❑ **উৎপাদকে বিশ্লেষণ (Factorize an Expression):**
যে পদ্ধতির মাধ্যমে কোনো একটি রাশিকে বিশ্লেষণ করলে সেই রাশিটি এক বা একাধিক গুণনীয়কের গুণফল তৈরি হয়, সেই পদ্ধতিকে উৎপাদকে বিশ্লেষণ বলে। যেমন- $x^2+5x+6=(x+2)(x+3)$
ভগ্নাংশযুক্ত রাশির উৎপাদকগুলোকে বিভিন্নরূপে প্রকাশ করা যেতে পারে।

যেমন : $a^3+\frac{1}{8}=a^3+\frac{1}{2^3}=\left(a+\frac{1}{2}\right)\left(a^2-\frac{a}{2}+\frac{1}{4}\right)$

আবার, $a^3+\frac{1}{8}=\frac{1}{8}(8a^3+1)=\frac{1}{8}\{(2a)^3+1^3\}$

$=\frac{1}{8}(2a+1)(4a^2-2a+1)$

❑ **p^2+px+q আকারে রাশির উৎপাদক:**
$x^2+(a+b)x+ab=x^2+ax+bx+ab$
$=x(x+a)+b(x+a)=(x+a)(x+b)$

❑ **উৎপাদকে বিশ্লেষণ করার পদ্ধতিসমূহ:**
১। কমন বা সাধারণ পদ্ধতি
২। সূত্রের সাহায্যে (বর্গ)
৩। সূত্রের সাহায্যে (ঘন)
৪। Middle Term Breakup বা মধ্যপদ বিভাজন প্রক্রিয়া
৫। Remainder Theorem বা ভাগশেষ উপপাদ্যের সাহায্যে ইত্যাদি।

❑ **ভাগশেষ উপপাদ্য:**

- বহুপদী রাশির ক্ষেত্রে এ পদ্ধতি ব্যবহার করা হয়।
- ২য় পদের ঘাত (Power) ১ম পদের অর্ধেক না হলে এ পদ্ধতি ব্যবহার করা হয়।
- যদি কোনো বহুপদী $f(x)$ কে $(x-a)$ দ্বারা ভাগ করা হয় তবে ভাগশেষ হবে $f(a)$।
- যদি কোনো বহুপদী রাশি $f(x)$ এর একটি মূল a হয় তবে $(x-a)$; $f(x)$ এর একটি উৎপাদক হবে।

❑ যদি $P(x)$ ধনাত্মক মাত্রার বহুপদী হয় এবং $m\neq 0$ হয়, তবে $P(x)$ কে $mx+c$ দ্বারা ভাগ করলে ভাগশেষ হবে $P\left(-\frac{c}{m}\right)$।

❑ $(x-a)$, $f(x)$ এর উৎপাদক হবে যদি ও কেবল যদি $f(a)=0$ হয়।

IMPORTANT MCQ

01. x^3-x^2 কে $x-2$ দ্বারা ভাগ করলে ভাগ শেষ থাকবে–

Ⓐ 2 Ⓑ 4 Ⓒ -6 Ⓓ -8

Ans B Solve মনে করি, $P(x)=x^3-x^2$ কে $(x-2)$ দ্বারা ভাগ করলে ভাগশেষ $P(2)$. ∴ $P(2)=2^3-2^2=8-4=4$

02. $(x+3)(x-3)$ কে x^2-6 দ্বারা ভাগ করলে ভাগশেষ কত হবে?

Ⓐ 3 Ⓑ -2 Ⓒ 2 Ⓓ -3

Ans D Solve $(x+3)(x-3)=x^2-9$

$x^2-6\ )\ x^2-9\ (1$
x^2-6
$(-)\quad(+)$
-3

∴ ভাগশেষ $=-3$

03. x^2+7x+a রাশিটি $x-5$ দ্বারা বিভাজ্য হলে, a এর মান কত?

Ⓐ -60 Ⓑ -30 Ⓒ 30 Ⓓ 60

Ans A Solve x^2+7x+a রাশিটি $x-5$ দ্বারা বিভাজ্য হলে $x-5$ রাশিটির একটি উৎপাদক এবং $x=5$ এর জন্য রাশিটির মান শূন্য হবে।

$\Rightarrow 5^2+7\times 5+a=0 \Rightarrow 25+35+a=0 \therefore a=-60$

সুতরাং a এর মান: -60

04. $x^4-4x^3+5x^2+8x-10$ কে $x-3$ দ্বারা ভাগ করলে ভাগশেষ কত হবে?

Ⓐ 32 Ⓑ 34 Ⓒ 36 Ⓓ 35

Ans A Solve প্রশ্নানুসারে, $(x-3)$; $(x^4-4x^3+5x^2+8x-10)$ এর উৎপাদক। অর্থাৎ, $x-3=0 \quad \therefore \quad x=3$

মনে করি, $f(x)=x^4-4x^3+5x^2+8x-10$

$\therefore f(3)=(3)^4-4\times(3)^3+5\times(3)^2+(8\times 3)-10$
$=81-108+45+24-10=32$

05. x^2-y^2+2y-1 এর একটি উৎপাদক–

Ⓐ $x+y+1$ Ⓑ $x+y-1$
Ⓒ $x-y$ Ⓓ $x-y-1$

Ans B Solve $x^2-(y^2-2y+1^2)=x^2-(y-1)^2$
$=(x+y-1)(x-y+1)$

06. $(a-1)x^2+a^2xy+(a+1)y^2$ এর উৎপাদক কোনটি?

Ⓐ $(ax-a+y)(x+ay-y)$
Ⓑ $(ax+x-y)(x+ay+y)$
Ⓒ $(ax+x+y)(x+ay+y)$
Ⓓ $(ax-x+y)(x+ay+y)$

Ans D Solve $(a-1)x^2+a^2xy-(a+1)y^2$
$=(a-1)x^2+(a^2-1)xy+xy+(a+1)y^2$
$=(a-1)x\{x+(a+1)y\}+y\{x+(a+1)y\}$
$=(x+ay+y)(ax-x+y)$

07. a^4+4 এর উৎপাদক কত?

Ⓐ $(a^2+2a+2)(a^2-2a+2)$ Ⓑ $(a^2+2a-2)(a^2-2a+2)$
Ⓒ $(a^2-2a+2)(a^2-2a+2)$ Ⓓ $(a^2+2a+2)(a^2+2a+2)$

Ans A Solve $a^4+4=(a^2)^2+2.a^2.2+(2)^2-2.a^2.2$
$=(a^2+2)^2-4a^2=(a^2+2)^2-(2a)^2$
$=(a^2+2+2a)(a^2+2-2a)$

08. $2x^2-x-3$ এর উৎপাদক কোনটি?

Ⓐ $(2x+3)(x+1)$ Ⓑ $(2x+3)(x-1)$
Ⓒ $(2x-3)(x-1)$ Ⓓ $(2x-3)(x+1)$

Ans D Solve $2x^2-x-3=2x^2-3x+2x-3$
$=x(2x-3)+1(2x-3)$
$=(x+1)(2x-3)$

CamScanner

সেট

প্রয়োজনীয় তথ্য ও সূত্রাবলি

সেট (Set): সুস্পষ্ট ধারণা বা নিখুঁত সংজ্ঞার বস্তুর সংগ্রহকে গাণিতিক পরিভাষায় সেট বলা হয়। জার্মান গণিতবিদ জর্জ ক্যান্টর (১৮৪৫ - ১৯১৮) সেট সম্পর্কে প্রথম ধারণা প্রদান করেন।

সেট প্রকাশের পদ্ধতি: সেটকে সাধারণত ২টি পদ্ধতিতে প্রকাশ করা হয়।

(i) **তালিকা পদ্ধতি (Tabular Method):**
এ পদ্ধতিতে সেটের সকল উপাদান সুনির্দিষ্টভাবে উল্লেখ করে চতুর বন্ধনী { } এর মধ্যে আবদ্ধ করা হয় এবং একাধিক উপাদান থাকলে "কমা" সাধারণত ব্যবহার করা হয়। যেমন: $A = \{2, 3, 5\}$

(ii) **সেট গঠন পদ্ধতি (Set Builder Method):**
এ পদ্ধতিতে সেটের সকল উপাদান সুনির্দিষ্টভাবে উল্লেখ না করে উপাদান নির্দেশের জন্য সাধারণ ধর্মের উল্লেখ থাকে।

যেমন: $A = \{x : 2 \le x \le 6$ এবং x জোড় সংখ্যা$\}$; $\therefore A = \{2, 4, 6\}$

সেটের প্রকারভেদ:

সসীম সেট (Finite set): যে সেটের উপাদান সংখ্যা গণনা করে নির্দিষ্ট করা যায়, তাকে সসীম সেট বলে। যেমন: $A = \{2, 4, 6, \ldots, 40\}$

অসীম সেট (Infinite set): যে সেট উপাদানসমূহ সংখ্যা গণনা করে নির্দিষ্ট করা যায় না, তাকে অসীম সেট বলা হয়। যেমন: $A = \{1, 2, 3, \ldots\}$

উপসেট (Subset): যদি A সেটের প্রত্যেক উপাদান B এর উপাদান হয় তবে A কে B এর উপসেট বলা হয়।

যেমন: $A = \{2, 4\}$ এবং $B = \{1, 2, 3, 4, 5\}$ হলে

$\therefore A \subset B$ (পড়া হয় A, B এর উপসেট)

- উপসেট নির্ণয়ের সূত্র: 2^n, এখানে n হলো উপাদান সংখ্যা। অর্থাৎ যেকোনো উপাদান থাকে 2 এর উর্ধ্বে Power হিসেবে বসে। যেমন: একটি সেটের উপাদান সংখ্যা 6 হলে তার উপসেট হবে 2^6 = ৬৪টি।



JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

06. 50টি ছাত্রের মধ্যে 35টিতে শাল মাপ, 20টিতে নীল মাপ এবং 12টিতে শাল ও নীল উভয় মাপ আছে। কতটি ছাত্রের শাল বা নীল মাপ নেই?

Ⓐ 5 Ⓑ 6 Ⓒ 7 Ⓓ 4

Solve এখানে, মোট ছাত্রের সংখ্যা 50টি যার মধ্যে উভয়ের মাপ আছে 12টির মধ্যে।

∴ শুধু শাল মাপ আছে = 35 − 12 = 23 টি

শুধু নীল মাপ আছে = 20 − 12 = 8 টি

যার জানি, কোনো মাপ নেই x টিতে

প্রশ্নমতে, 23 + 8 + 12 + x = 50 ⇒ x = 50 − 43 = 7

07. একটি ক্রিকেট লীগে 87 জন খেলোয়াড় 7 টি ভিন্ন দলে খেলে। প্রতিটি দলে ন্যূনপক্ষে 12 জন খেলোয়াড় রয়েছে। যেকোনো একটি দলে সর্বোচ্চ কতজন খেলোয়াড় থাকতে পারে?

Ⓐ 13 Ⓑ 14
Ⓒ 15 Ⓓ 21

Solve এখানে, মোট খেলোয়াড় = 87 জন

মোট দল = 7 জন।

প্রতি দলের সর্বনিম্ন খেলোয়াড় = 12 জন।

এখন, 6টি দলে যদি 12 জন করে খেলোয়াড় থাকে তবে বাকি থাকে = (87 − 6 × 12) জন = 15 জন।

∴ একটি দলে সর্বোচ্চ 15 জন খেলোয়াড় থাকতে পারবে।

অধ্যায় ৫ সূচক

প্রয়োজনীয় তথ্য ও সূত্রাবলি

❑ **সূচক (Index /Exponent):** সূচক শব্দের অর্থ হলো শক্তি বা ঘাত।

a যেকোনো বাস্তব সংখ্যা (পূর্ণসংখ্যা বা ভগ্নাংশ বা ধনাত্মক বা ঋণাত্মক) এবং n একটি ধনাত্মক পূর্ণসংখ্যা হলে, a কে n সংখ্যকবার গুণ করলে গুণফল হয়-

$a^n = a \times a \times a \times \ldots\ldots \times a$ (n সংখ্যকবার a)

এবং a^n কে বলা হয় a এর n-তম ঘাত বা শক্তি বলা হয়।

এখানে, a হলো ভিত্তি (base) এবং n কে a (ভিত্তি) এর সূচক।

❑ **সূচক সম্পর্কিত সূত্রাবলি:**

মনে করি, $a \in R$ এবং $m, n \in N$ (স্বাভাবিক সংখ্যার সেট)

মনে রাখুন	সূত্রাবলি
১। একই base-দের মধ্যে গুণ থাকলে power যোগ হয়।	$a^m \times a^n = a^{m+n}$
২। একই base-দের মধ্যে ভাগ থাকলে power বিয়োগ হয়।	$a^m \div a^n = a^{m-n}$, $m > n$
৩। Power এর উপর power থাকলে দুই power গুণ হয়।	$(a^m)^n = a^{mn}$, $a \neq 0$
৪। Base এর উপর power শূন্য হলে উত্তর মান 1 হয়।	$a^0 = 1$, $a \neq 0$
৫। একাধিক base এর উপর power একত্রে থাকলে পৃথক পৃথকভাবে power বসে।	$\left(\frac{a}{b}\right)^m = \frac{a^m}{b^m}$ $(ab)^m = a^m.b^m$
৬। ভিত্তির উপরে যে সংখ্যা থাকবে তা 'লব' এবং $\sqrt{}$ এর উপর যে সংখ্যা থাকবে তা 'হর' আকারে বসবে।	$\sqrt[n]{a^m} = a^{\frac{m}{n}}$
৭। $a \neq 0$ এবং n ধনাত্মক পূর্ণ সংখ্যা।	$a^{-n} = \frac{1}{a^n}$

IMPORTANT MCQ

01. $a^n . a^{m-n}$ এর মান কত?

Ⓐ 1 Ⓑ a^{m-n} Ⓒ a^{-n} Ⓓ a^m

Solve $a^n . a^{m-n} = a^{n+m-n} = a^m$

02. $2^x = 32$ হলে x এর মান কত?

Ⓐ 3 Ⓑ 4 Ⓒ 5 Ⓓ 6

Solve $2^x = 32 \Rightarrow 2^x = 2^5 \therefore x = 5$

03. $x^4 = 81$ হলে এবং x ধনাত্মক হলে x এর মান কত? (What is the value of x if $x^4 = 81$ and x is positive?)

Ⓐ $\frac{81}{4}$ Ⓑ $\frac{4}{81}$ Ⓒ 9 Ⓓ 3

Solve $x^4 = 81 \Rightarrow x^4 = 3^4 \Rightarrow x = 3$

04. $2^n + 2^{n-1} =$ কত?

Ⓐ 2 Ⓑ 2^{n-1} Ⓒ 2^n Ⓓ 2^{n+1}

Solve $2^n + 2^{n-1} = 2^{n-n+1} = 2^1 = 2$

05. $a^x . a . a^{-x} =$ কত?

Ⓐ a Ⓑ a^2 Ⓒ 0 Ⓓ 1

Solve $a^x . a . a^{-x} = a^{x+1-x} = a^0 = 1$

06. $(8x)^0 =$ কত?

Ⓐ 8x Ⓑ 1 Ⓒ $\frac{1}{8x}$ Ⓓ 0

Solve সূত্র: $a^0 = 1$ হলে $\therefore (8x)^0 = 1$

07. $3^{x+2} = 81$ হলে x কত?

Ⓐ 3 Ⓑ 2 Ⓒ 4 Ⓓ $\frac{1}{2}$

Solve $3^{x+2} = 81 \Rightarrow 3^{x+2} = 3^4 \Rightarrow x + 2 = 4 \therefore x = 2$

08. $\frac{3.2^n - 4.2^{n-2}}{2^n - 2^{n-1}}$ এর মান কত?

Ⓐ 3 Ⓑ 4 Ⓒ 5 Ⓓ n−1

Solve

$$\frac{3.2^n - 4.2^{n-2}}{2^n - 2^{n-1}} = \frac{3.2^n - 2^2.2^{n-2}}{2^n - 2^{n-1}} = \frac{2^n(3-1)}{2^n(1-2^{-1})} = \frac{2}{2^{-1}} = 2 \times 2 = 4$$

09. hw' $\left(\frac{a}{b}\right)^{x-3} = \left(\frac{b}{a}\right)^{x-5}$ হয় তবে x এর মান কত?

Ⓐ 8 Ⓑ 3 Ⓒ 5 Ⓓ 4

Solve

$$\left(\frac{a}{b}\right)^{x-3} = \left(\frac{b}{a}\right)^{x-5} \Rightarrow \left(\frac{a}{b}\right)^{x-3} = \left\{\left(\frac{a}{b}\right)^{-1}\right\}^{x-5} \Rightarrow \left(\frac{a}{b}\right)^{x-1} = \left(\frac{a}{b}\right)^{5-x}$$

$$\Rightarrow x - 3 = 5 - x \Rightarrow 2x = 8 \therefore x = 4$$

10. $4^x + 4^x + 4^x + 4^x$ এর মান নিচের কোনটি?

Ⓐ 16^x Ⓑ 4^{4x} Ⓒ 2^{2x+2} Ⓓ 2^{8x}

Solve

$$4^x + 4^x + 4^x + 4^x = 4^x(1+1+1+1)$$
$$= 4^x . 4 = 4^{x+1} = (2^2)^{x+1} = 2^{2x+2}$$

11. $x > 0$ এবং p, q, r মূলদ সংখ্যা হলে, $\left(\frac{x^{p+q}}{x^{2r}}\right)\left(\frac{x^{q+r}}{x^{2p}}\right)\left(\frac{x^{r+p}}{x^{2q}}\right)$

Ⓐ $p + q = r$ Ⓑ 1 Ⓒ 0 N − 1

Solve

$$\left(\frac{x^{p+q}}{x^{2r}}\right)\left(\frac{x^{q+r}}{x^{2p}}\right)\left(\frac{x^{r+p}}{x^{2q}}\right) = x^{p+q-2r} . x^{q+r-2p} . x^{r+q-2q}$$
$$= x^{p+q-2r+q+r-2p+r+p-2q} = x^0 = 1$$

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

$\sqrt{x}y, \sqrt{y}z, \sqrt{z}x$ এর মান কত?

ⓐ y
ⓑ x
ⓒ 1
ⓓ z

Ans C Solve $\sqrt{x}y.\sqrt{y}z.\sqrt{z}x = \sqrt{\frac{1}{x}}y.\sqrt{\frac{1}{y}}z.\sqrt{\frac{1}{z}}x$

$= \sqrt{\frac{y}{x}}\sqrt{\frac{z}{y}}\sqrt{\frac{x}{z}} = \frac{\sqrt{y}}{\sqrt{x}}.\frac{\sqrt{z}}{\sqrt{y}}.\frac{\sqrt{x}}{\sqrt{z}} = 1$

$2^x + 2^{1-x} = 3$ হলে, x এর মান কত? [JU-B:22-23]

ⓐ 2 ⓑ 0 A_ev 1 ⓒ 0 A_ev 2 ⓓ 3

Ans B Solve $2^x + 2^{1-x} = 3 \Rightarrow 2^x + \frac{2}{2^x} = 3$

$\Rightarrow P + \frac{2}{P} = 3$ [ধরি, $2^x = P$]

$\Rightarrow P^2 + 2 = 3P \Rightarrow P^2 - 3P + 2 = 0 \Rightarrow P^2 - 2P - P + 2 = 0$

$\Rightarrow P(P-2) - 1(P-2) = 0 \Rightarrow (P-2)(P-1) = 0$

$\therefore P - 1 = 0$ A_ev, $P - 2 = 0$

$\Rightarrow P = 1$ $\Rightarrow P = 2$

$\Rightarrow 2^x = 2^0$ $\Rightarrow 2^x = 2^1$

$\therefore x = 0$ $\therefore x = 1$

বীজগণিত

অধ্যায় ৬

লগারিদম

প্রয়োজনীয় তথ্য ও সূত্রাবলি

❑ **লগারিদম :** সূচকীয় রাশির মান বের করতে লগারিদম বা লগ (log) ব্যবহার করা হয়। logos এবং arithmas নামক দুটি গ্রিক শব্দ হতে logarithms শব্দটির উৎপত্তি। logos অর্থ আলোচনা এবং arithmas অর্থ সংখ্যা। অর্থাৎ logarithms অর্থ বিশেষ সংখ্যা নিয়ে আলোচনা।

- যদি $a^x = b$ হয়, তবে x কে b এর a ভিত্তিক লগারিদম বলা হয় এবং লেখা হয়, $x = \log_a b$
- $\log_a b$ কে 'a ভিত্তিক লগ b' পড়া হয়। [যেখানে $a > 0$ এবং $a \neq 1$]
- যদি $a^x = b$ হয়, তবে $x = \log_a b$.
- বিপরীতক্রমে, $x = \log_a b$ হলে, $a^x = b$. এক্ষেত্রে b সংখ্যাটি a এর সাপেক্ষে x এর প্রতিলগ বা Anti-logarithm বলে এবং লেখা হয়, $b = \text{anti-log}_a x$.

❑ **লগারিদম সাধারণত 2 প্রকার:**

ক) **সাধারণ লগারিদম:** ইংল্যান্ডের গণিতবিদ হেনরি ব্রিগস (1561-1630) 1624 সালে 10 ভিত্তিক লগারিদম (লগ সারণি) তৈরি করেন। তাই উহাকে ব্রিগস লগারিদম বলা হয়। এই লগারিদমকে $\log_{10} x$ বা logx আকারে লেখা হয়। অর্থাৎ ভিত্তি উহ্য রাখা হয়।

খ) **স্বাভাবিক লগারিদম:** স্কটল্যান্ডের গণিতবিদ জন নেপিয়ার (John Napier, 1550-1617) 1614 সালে e ভিত্তিক লগারিদম প্রকাশ করেন। এই লগকে নেপিয়ার লগারিদম বলে। $e = 2.7182....$ যা একটি অমূলদ সংখ্যা। এই লগারিদমকে $\log_e x$ বা lnx আকারে লেখা হয়।

❑ **লগারিদমের সূত্রাবলি :**

1. $\log_a(MN) = \log_a M + \log_a N$
2. $\log_a \frac{M}{N} = \log_a M - \log_a N$
3. $\log_a a = 1$ যখন $a > 0, a \neq 1$
4. $\log_a 1 = 0$ যখন $a > 0, a \neq 1$
5. $\log_a M = \log_b M \times \log_a b$
6. $\log_a M^r = r \log_a M$ [M ধনাত্মক এবং r যে কোনো বাস্তব সংখ্যা]

লক্ষণীয়:

(i) $\log_a(M+N) \neq \log_a M + \log_a N$ (ii) $(\log_a M)^r \neq r \log_a M$

IMPORTANT MCQ

01. $5 \log_5 5 - \log_5 5^3$ = কত?

ⓐ 4 ⓑ 3
ⓒ 2 ⓓ 5

Ans D Solve $5 \log_5 5 - \log_5 5^2 = 5 \log_5 5 - 2 \log_5 5$
$= 5.1 - 2.1 = 5 - 2 = 3$

02. $\log_{\frac{1}{9}} = -2$ হলে x এর মান কত?

ⓐ $x = 2$ ⓑ $x = 3$
ⓒ $x = 4$ ⓓ $x = 2.5$

Ans B Solve $\log_{\frac{1}{9}} = -2 \Rightarrow x^{-2} = \frac{1}{9} \Rightarrow x^{-2} = 3^{-2} \therefore x = 3$

03. 64 এর 2 ভিত্তিক লগারিদম কত?

ⓐ 5 ⓑ 4
ⓒ 3 ⓓ 6

Ans D Solve $\log_2 64 = \log_2 2^6 = 6 \log_2 2 = 6.1 = 6$

04. $\log_{10} x = 2$ হলে, x = কত?

ⓐ 100 ⓑ 200
ⓒ 80 ⓓ 120

Ans A Solve $\log_{10} x = 2 \Rightarrow 10^2 = x \therefore x = 100$

05. $\log_5 x = 3$ হলে, x = কত?

ⓐ 115 ⓑ 125
ⓒ 100 ⓓ 90

Ans B Solve $\log_5 x = 3 \Rightarrow 5^3 = x \therefore x = 125$

06. log3 + log4 = কত?

ⓐ log 10 ⓑ log 7
ⓒ log 12 ⓓ log 8

Ans C Solve $\log 3 + \log 4 = \log(3 \times 4) = \log 12$

07. $\log_3 9$ = কত?

ⓐ 2 ⓑ 5
ⓒ 3 ⓓ 9

Ans A Solve $\log_3 9 = \log_3 3^2 = 2 \log_3 3 = 2$ [$\log_a a = 1$]

বীজগণিত

অধ্যায় ৭

সমীকরণ ও সমাধান

প্রয়োজনীয় তথ্য ও সূত্রাবলি

❑ **সমীকরণ (Equation):** দুইটি বীজগণিতীয় রাশি সমতা চিহ্ন দ্বারা সংযুক্ত হলে ঐ রাশি দুইটির সমতা জ্ঞাপক সম্বন্ধটিকে সমীকরণ বলে। সমীকরণের সমান চিহ্নের দুই দিকে দুইটি রাশি থাকে। নিচে দুইটি সমীকরণ লেখা হলো–

i. $3x + 12 = 24$ ii. $9x = 81$

সমীকরণে কমপক্ষে একটি অজ্ঞাত বীজগণিতীয় রাশি থাকে। যে সমীকরণে একঘাতবিশিষ্ট একটিমাত্র অজ্ঞাত রাশি থাকে, তাকে সরল সমীকরণ বলে।

❑ **সমীকরণের সমাধান (Solution of equation) :**

ভগ্নাংশ সংবলিত সমীকরণের সমাধান বের করতে হলে ভগ্নাংশ মুক্ত করে সরল সমীকরণে রূপান্তর করতে হবে। ভগ্নাংশের হরগুলোকে বিলুপ্ত করতে পারলে ভগ্নাংশ সংবলিত সমীকরণটি ভগ্নাংশ মুক্ত হবে। হরগুলোকে বিলুপ্ত করতে হলে, হরগুলোর ল.সা.গু. নির্ণয় করে ল.সা.গু. দ্বারা উভয় পক্ষের প্রত্যেক পদকে গুণ করলে ভগ্নাংশগুলো হরমুক্ত হবে। এজন্য ভগ্নাংশগুলোকে হরসমূহের ল.সা.গু. দ্বারা গুণ করাই যথেষ্ঠ।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

IMPORTANT MCQ

01. $(2 + x) + 3 = 3(x + 2)$ হলে, x এর মান কত?

Ⓐ $-\frac{1}{2}$ Ⓑ $\frac{1}{2}$ Ⓒ $\frac{1}{3}$ Ⓓ $\frac{2}{3}$

Solve $(2 + x) + 3 = 3(x + 2) \Rightarrow 2 + x + 3 = 3x + 6$

$\Rightarrow 3x - x = 5 - 6 \Rightarrow 2x = -1 \therefore x = -\frac{1}{2}$

02. x এর মান কত হলে, $a(x - a) = b(x - b)$ হবে?

Ⓐ 1 Ⓑ $b - a$ Ⓒ $a - b$ Ⓓ $a + b$

Solve $a(x - a) = b(x - b) \Rightarrow ax - a^2 = bx - b^2$

$\Rightarrow ax - bx = a^2 - b^2$

$\Rightarrow x(a - b) = (a + b)(a - b) \therefore x = (a + b)$

03. যদি $x^3 + hx + 10 = 0$ এর একটি সমাধান 2 হয়, তবে h এর মান কত? (If 2 is one solution of $x^3 + hx + 10 = 0$, what is the value of h?)

Ⓐ 10 Ⓑ 9 Ⓒ -9 Ⓓ 2

Solve যেহেতু $x = 2$ অতএব x এর মান $x^3 + hx + 10 = 0$ তে বসাই: $2^3 + h.2 + 10 = 0$

বা, $8 + 2h + 10 = 0$ বা, $2h = -18 \therefore h = -9$

04. $(a - 5)(x + a) = a^2 - 25$ হলে, x এর মান কত?

Ⓐ 5 Ⓑ 25 Ⓒ -5 Ⓓ -25

Solve $(a - 5)(x + a) = a^2 - 25$

$\Rightarrow (a - 5)(a + x) = (a - 5)(a + 5) \Rightarrow x = 5$

05. $5x - 3 = 2x + 9$ সমীকরণের x এর মান কত?

Ⓐ $\frac{1}{3}$ Ⓑ $\frac{1}{2}$ Ⓒ 4 Ⓓ $\frac{1}{4}$

Solve $5x - 3 = 2x + 9 \Rightarrow 5x - 2x = 9 + 3$

$\Rightarrow 3x = 12 \therefore x = 4$

06. $3x + 9 = -3(2x + 5)$ সমীকরণে x এর মান কত?

Ⓐ $\frac{7}{3}$ Ⓑ $\frac{5}{3}$ Ⓒ $-\frac{8}{3}$ Ⓓ $\frac{11}{3}$

Solve $3x + 9 = -3(2x + 5) \Rightarrow 3x + 9 = -6x - 15$

$\Rightarrow 9x = -24 \therefore x = -\frac{24}{9} = -\frac{8}{3}$

বীজগণিত

অধ্যায় ৮

অন্বয় ও ফাংশন

প্রয়োজনীয় তথ্য ও সূত্রাবলি

❑ **অন্বয় বা সম্পর্কের সংজ্ঞা (Relation):** A এবং B দুইটি অশূন্য সেট হলে, $A \times B$ এর যে কোন অশূন্য উপসেট R কে A হতে B-এ বর্ণিত একটি অন্বয় বলা হয়। a R b (পড়া হয় a is related to b) এর অর্থ $(a, b) \in R$ সম্পর্কটি যদি একটি দ্বিচলকবিশিষ্ট উক্তি $P(a, b)$ দ্বারা নির্ধারিত হয়, তবে $R = \{(a, b) \in A \times B : P(a, b) \text{ সত্য}\}$।

❑ **ফাংশন (Function):** দুইটি চলক x ও y এমনভাবে সম্পর্কযুক্ত যেন x এর যেকোনো একটি মানের জন্য y এর একটি মান পাওয়া যায়, তবে y কে x এর ফাংশন বলে। জার্মান গণিতবিদ লিবনিজ সর্বপ্রথম ১৬৭৩ সালে ফাংশন শব্দটি ব্যবহার করেন। x এর মানের ওপর y এর মান নির্ভরশীল হওয়ায় x হচ্ছে স্বাধীন চলক এবং y হচ্ছে অধীন চলক।

এখন $F: A \to B$ একটি অন্বয় হলে, F এর অন্তর্গত ক্রমজোড়সমূহের প্রথম পদগুলির সেটকে ফাংশনের ডোমেন বলে এবং দ্বিতীয় পদগুলির সেটকে ফাংশনের রেঞ্জ বলে। যেমন: $F = \{(1, 2), (3, 4), (5, 6), (5, 7)\}$ হলে- ডোমেন, $F = \{1, 3, 5\}$ এবং রেঞ্জ, $F = \{2, 4, 6, 7\}$

অন্যভাবে বলা যায়, কোনো ফাংশনে স্বাধীন চলকের সংজ্ঞায়িত বাস্তব মানের সেটকে উক্ত ফাংশনের ডোমেন এবং অধীন চলকের সংজ্ঞায়িত বাস্তব মানের সেটকে রেঞ্জ বলে।

IMPORTANT MCQ

01. $f(x) = x^3 + 2x + 3$ এবং $f(0) =$ কত?

Ⓐ 6 Ⓑ 0 Ⓒ 3 Ⓓ 2

Solve $f(0) = 0 + 0 + 3 = 3$

02. $f(x) = x^3 - 2x + 6$ হলে, $f(\frac{1}{3}) =$ কত?

Ⓐ $\frac{145}{27}$ Ⓑ $\frac{155}{25}$ Ⓒ $\frac{140}{27}$ Ⓓ $\frac{135}{35}$

Solve $f(\frac{1}{3}) = (\frac{1}{3})^3 - 2.\frac{1}{3} + 6$

$= \frac{1}{27} - \frac{2}{3} + 6 = \frac{1 - 18 + 162}{27} = \frac{145}{27}$

03. যদি $f(x) = \frac{2x + 5}{x - 3}$ হয়, তবে $f(6) =$ কত?

Ⓐ $\frac{7}{13}$ Ⓑ $\frac{5}{3}$ Ⓒ $\frac{17}{3}$ Ⓓ $-\frac{5}{3}$

Solve $f(6) = \frac{2.6 + 5}{6 - 3} = \frac{17}{3}$

04. $f(x) = x^2 - 5x + 6$ হলে, x এর কোন মানের জন্য $f(x) = 0$ হবে।

Ⓐ $x = 1, 5$ Ⓑ $x = 2, 5$ Ⓒ $x = 3, 2$ Ⓓ $x = 3, 5$

Solve $f(x) = 0 \Rightarrow x^2 - 5x + 6 = 0$

$\Rightarrow x^2 - 3x - 2x + 6 = 0 \Rightarrow x(x - 3) - 2(x - 3) = 0$

$\Rightarrow (x - 2)(x - 3) = 0 \therefore x = (3, 2)$

05. যদি $f(x) = \frac{4x - 7}{x - 2}$ হয় তাহলে $f(2) =$ কত?

Ⓐ $\frac{1}{4}$ Ⓑ 0 Ⓒ অসংজ্ঞায়িত Ⓓ $\frac{1}{3}$

Solve $f(2) = \frac{4 \times 2 - 7}{2 - 2} = \frac{8 - 7}{0} = \infty$

06. $f(x) = |x|$ হলে, $f(x) = y$ এর জন্য $x =$ কত?

Ⓐ $\pm y$ Ⓑ 0 Ⓒ x^2 Ⓓ $x^2 - y^2$

Solve $f(x) = |x| \therefore y = |x|$ বা, $y^2 = x^2 \therefore x = \pm y$

বীজগণিত

অধ্যায় ৯

সম্ভাব্যতা, বিন্যাস ও সমাবেশ

প্রয়োজনীয় তথ্য ও সূত্রাবলি

সম্ভাব্যতা (Probability)

❑ **সম্ভাবনা (Probability):** ভবিষ্যতে কোনো ঘটনা ঘটবে কি ঘটবে না তার নিশ্চয়তার মাত্রা পরিমাপ সূচক রাশিকে সম্ভাবনা বলে।

যদি কোন ঘটনা ঘটার কোন প্রকার চান্স না থাকে, তাহলে ঐ ঘটনা ঘটার সম্ভাবনা (Probability) হবে "0"। পক্ষান্তরে ঐ ঘটনা যদি নিশ্চিত ঘটার চান্স থাকে, তাহলে ঐ ঘটনা ঘটার সম্ভাবনা (Probability) হবে "1"। Probability মান সব সময় "0" থেকে "1" এর মধ্যে হবে।

ফরাসি গণিতবিদ Blaise Pascal (1623-1662) সম্ভাবনার তত্ত্বগুলি ১৬ প্রকাশ করেন। পরবর্তীকালে Pierre Simon de Laplace গুরুত্বপূর্ণ তত্ত্ব উদ্ভাবন করেন।

$$\text{সম্ভাবনা (Probability)} = \frac{\text{ঘটনাটির অনুকূল ফলাফলের সংখ্যা}}{\text{মোট ফলাফলের সংখ্যা}}$$

$$\therefore P(A) = \frac{n(A)}{n(S)}$$

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

অনিশ্চিত ঘটনা (Uncertain Event): যদি কোনো ঘটনা এমন হয় যে ঘটনাটি ঘটতেও পারে আবার নাও ঘটতে পারে না, তাকে অনিশ্চিত ঘটনা বলে। একে সম্ভাব্য ঘটনাও বলা হয়। অনিশ্চিত ঘটনার ক্ষেত্রে সম্ভাবনার মান 0 ও 1 এর মাঝামাঝি। অর্থাৎ $0 < P(A) < 1$.

অসম্ভব ঘটনা (Impossible Event): কোনো পরীক্ষায় যে ঘটনা কখনোই ঘটবে না অর্থাৎ ঘটতে পারে না তাকে অসম্ভব ঘটনা বলে। অসম্ভব ঘটনার সম্ভাবনা সবসময় শূন্য হয়।

নমুনাক্ষেত্র (Sample Space): কোনো দৈব পরীক্ষায় (Random Experiment) সম্ভাব্য সকল ফলাফল নিয়ে গঠিত সেটকে নমুনাক্ষেত্র বলে।

নমুনা বিন্দু: (Sample Point) নমুনাক্ষেত্রের প্রতিটি উপাদানকে ফলাফলের নমুনাবিন্দু বলে।

বর্জনশীল ঘটনা/পৃথক ঘটনা/বিচ্ছিন্ন ঘটনা (Disjoint Events): কোনো দৈব পরীক্ষণে কতকগুলি ঘটনা এমন হয় যে, একটি ঘটনা ঘটলে অপর ঘটনাগুলি ঘটবে না, তাহলে ঐ ঘটনাগুলিকে পরস্পর বর্জনশীল ঘটনা বা বিচ্ছিন্ন ঘটনা বলে।

A ও B দুইটি বর্জনশীল ঘটনা হলে, $P(A \cup B) = P(A) + P(B)$

এখানে, $P(A \cup B)$ = A অথবা B যেকোনো ঘটনা ঘটার সম্ভাবনা

বর্জনশীল ঘটনার ক্ষেত্রে সম্ভাব্যতার সংযোগ সূত্র :

- যে কোনো n সংখ্যক বর্জনশীল ঘটনার যে কোনো একটি ঘটনা ঘটার সম্ভাব্যতা তাদের প্রত্যেকটি পৃথক পৃথকভাবে ঘটার সম্ভাব্যতার যোগফলের সমান।
- দুইটি বর্জনশীল ঘটনার ক্ষেত্রে যোগসূত্র : $P(A \cup B) = P(A) + P(B)$
- তিনটি বর্জনশীল ঘটনার ক্ষেত্রে যোগসূত্র :

$$P(A \cup B \cup C) = P(A) + P(B) + P(C)$$

অবর্জনশীল ঘটনা (Not Mutually Exclusive Events): দুইটি ঘটনা উভয়ের মধ্যে যদি কোনো সাধারণ উপাদান (ঘটনা) বিদ্যমান থাকে তবে ঘটনাদ্বয়কে অবর্জনশীল ঘটনা বলে।



অবর্জনশীল ঘটনা

A ও B দুইটি অবর্জনশীল ঘটনা হলে,

$$P(A \cup B) = P(A) + P(B) - P(A \cap B)$$

এখানে, $P(A \cup B)$ = A অথবা B যেকোনো একটি ঘটার সম্ভাবনা

$P(A)$ = A ঘটনা ঘটার সম্ভাবনা

$P(B)$ = B ঘটনা ঘটার সম্ভাবনা

$P(A \cap B)$ = A ও B ঘটনা একসাথে ঘটার সম্ভাবনা

শর্তাধীন সম্ভাবনা : দুটি ঘটনা A ও B এর মধ্যে B ঘটনা ঘটার সম্ভাবনা যদি A ঘটনা ঘটা বা না ঘটার ওপর নির্ভর করে তবে তাকে শর্তাধীন সম্ভাবনা বলে। একে $P(B|A)$ দ্বারা প্রকাশ করা হয়।

$$\therefore P(B|A) = \frac{P(A \cap B)}{P(A)};\ P(A) \neq 0$$

$$\text{Similarly, } P(A|B) = \frac{P(A \cap B)}{P(B)};\ P(B) \neq 0$$

স্বাধীন সম্ভাবনা : দুটি ঘটনা A ও B কে স্বাধীন ঘটনা বলা হবে যদি $P(A \cap B) = P(A)\,P(B)$ হয়।

সম্ভাবনার প্রয়োজনীয় সূত্রাবলি:

- A একটি ঘটনা হলে, A ঘটনা ঘটার সম্ভাবনা $P(A)$ এবং A ঘটনা না ঘটার সম্ভাবনা $P(A')$
- কোনো ঘটনা ঘটার সম্ভাবনা + ঘটনাটি না ঘটার সম্ভাবনা = 1 অর্থাৎ, $P(A) + P(A') = 1$

IMPORTANT MCQ

01. একটি সুষম মুদ্রা এবং একটি ছক্কা একত্রে নিক্ষেপ করা হলো। একই সাথে মুদ্রাটির মাথা ও ছক্কাটির জোড় সংখ্যা আসার সম্ভাবনা-

Ⓐ $\frac{1}{2}$ Ⓑ $\frac{1}{3}$ Ⓒ $\frac{1}{4}$ Ⓓ $\frac{1}{5}$

Solve নমুনা ক্ষেত্র $= 2 \times 6 = 12$

মাথা = 1টি; জোড় সংখ্যা = 3টি, হেড ও জোড় সংখ্যা (H, 2), (H, 4), (H, 6)

মোট = 3টি $\therefore$ নির্ণেয় সম্ভাবনা $= \frac{3}{12} = \frac{1}{4}$

02. একটি ছক্কা নিক্ষেপে 2 দ্বারা বিভাজ্য সংখ্যা উঠার সম্ভাবনা কত?

Ⓐ $\frac{1}{2}$ Ⓑ $\frac{1}{3}$ Ⓒ $\frac{1}{6}$ Ⓓ $\frac{2}{3}$

Solve একটি ছক্কায় মোট পিঠের ফোটার সংখ্যা = 6

অর্থাৎ (1, 2, 3, 4, 5, 6) এদের মধ্যে 2 দ্বারা বিভাজ্য সংখ্যা 2, 4, 6 যা 3টি।

$\therefore$ 2 দ্বারা বিভাজ্য সংখ্যা উঠার সম্ভাবনা $= \frac{3}{6} = \frac{1}{2}$

03. তিনটি ছক্কা একবার নিক্ষেপ করা হলো। তিনটিতেই একই সংখ্যা পাওয়ার সম্ভাবনা কত?

Ⓐ $\frac{1}{18}$ Ⓑ $\frac{1}{6}$ Ⓒ $\frac{1}{216}$ Ⓓ $\frac{1}{36}$

Solve নমুনাক্ষেত্র $= 6^3$.

(1, 1, 1), (2, 2, 2), (3, 3, 3) (4, 4, 4), (5, 5, 5), (6, 6, 6) = মোট 6টি

$\therefore$ নির্ণেয় সম্ভাবনা $= \frac{6}{6^3} = \frac{1}{36}$

04. 3টি অনপেক্ষ মুদ্রা একত্রে নিক্ষেপ করা হলো। প্রত্যেক মুদ্রাতে (H) দেখাবে তার সম্ভাবনা কত?

Ⓐ $\frac{1}{4}$ Ⓑ $\frac{1}{8}$ Ⓒ $\frac{1}{2}$ Ⓓ $\frac{1}{9}$

Solve নমুনাক্ষেত্র $= 2^3 = 8$ যা নিম্নরূপ

(HHT) (HTT), (TTT), (HTH), (THT), (THH), (HHH),(TTH)

এদের মধ্যে সবগুলোই H, (HHH) যা 1টি।

$\therefore$ সবগুলো মুদ্রাই Head (H) দেখাবে তার সম্ভাবনা $= \frac{1}{8}$

05. দুইটি ছক্কা একই সঙ্গে নিক্ষেপ করা হলে প্রাপ্ত বিন্দুগুলোর সমষ্টি 7 হওয়ার সম্ভাবনা কত?

Ⓐ $\frac{1}{6}$ Ⓑ $\frac{1}{36}$ Ⓒ $\frac{5}{36}$ Ⓓ $\frac{7}{36}$

Solve $6 + 1 = 7$, $5 + 2 = 7$, $4 + 3 = 7$,

$1 + 6 = 7$, $2 + 5 = 7$, $3 + 4 = 7$.

মোট- 6 টি

নমুনা ক্ষেত্র $= 6^2 = 36$

$\therefore$ নির্ণেয় সম্ভাবনা $= \frac{6}{36} = \frac{1}{6}$

06. এক প্যাকেট তাস থেকে একটি তাস দৈবভাবে নেওয়া হলো। তাসটি হরতন বা চিরাতন হওয়ার সম্ভাবনা কত।

Ⓐ $\frac{1}{2}$ Ⓑ 2 Ⓒ $\frac{4}{13}$ Ⓓ $\frac{1}{4}$

Solve

$\therefore$ হরতন বা চিরাতন হবার সম্ভাবনা $= \frac{13}{52} + \frac{13}{52} = \frac{26}{52} = \frac{1}{2}$

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

বিন্যাস (Permutation)

- **বিন্যাস (Permutation):** কতকগুলো জিনিস হতে কয়েকটি বা সবকয়টি একবারে যত প্রকারে সাজানো যায়, তাদের প্রত্যেকটিকে এক একটি বিন্যাস বলে।
- **বিন্যাসের প্রকারভেদ:** বিন্যাস সাধারণত দুই প্রকারের। যথা-

১। **সারি বিন্যাস**(Linear Permutation) : কতকগুলো বস্তুকে যখন সারি বা সরলরেখা বরাবর সাজানো হয় তাকে সারি বিন্যাস বলে।

২। **চক্রবিন্যাস**(Circular Permutation) : কতকগুলো জিনিসকে যখন বৃত্তাকারে সাজানো হয় তখন ঐ বিন্যাসকে চক্রাকার/বৃত্তাকার বিন্যাস বলে।

সূত্র: (১) ভিন্ন ভিন্ন n সংখ্যক জিনিস হতে প্রত্যেকবার r সংখ্যক জিনিস নিয়ে ${}^nP_r$ প্রকার সাজানো যায়।

বিন্যাস সংখ্যা = ${}^nP_r = n(n-1)(n-2)$ -------- $(n-r+1)$

যথা: ${}^6P_6 = 6\times5\times4\times3\times2\times1$ ${}^6P_5 = 6\times5\times4\times3\times2$

${}^6P_4 = 6\times5\times4\times3$ ${}^6P_3 = 6\times5\times4$

${}^6P_2 = 6\times5$ ${}^6P_1 = 6$

সূত্র: (২) সবগুলো ভিন্ন নয় এরূপ n জিনিসের বিন্যাস

n সংখ্যক জিনিসের সবকয়টি একবারে নিয়ে বিন্যাস সংখ্যা নির্ণয় করতে হবে, যখন তাদের মধ্যে p সংখ্যক এক প্রকার q সংখ্যক দ্বিতীয় প্রকার, r সংখ্যক তৃতীয় প্রকার - বাকি সব ভিন্ন

বিন্যাস সংখ্যা = $\dfrac{{}^nP_r}{p!\times q!\times r!}$

- **ফ্যাকটোরিয়াল (Factorial) n / (n!):** Factorial (!) হচ্ছে কোনো ধনাত্মক পূর্ণসংখ্যার গুণন যা ক্রমান্বয়ে গুণ হয়ে 1 পর্যন্ত হবে।

অর্থাৎ, $n! = n(n-1)(n-2)$ 3.2.1

- **বিন্যাসের ক্ষেত্র:** নিম্নোক্ত ক্ষেত্রে বিন্যাস করতে হবে-

সাজানো, বিন্যাস করা, বিন্যস্ত করা, শব্দ গঠন, সংখ্যাগঠন, সংকেত গঠন, মন্ত্রীসভা গঠন, টেলিফোন সংযোগ, মালা/হার গাথা, আসন গ্রহণ, ভোট দেয়া, খেলার ফলাফল, নিমন্ত্রণের উপায়, পুরস্কার প্রদান করা ইত্যাদি বলা থাকলে বিন্যাস করতে হয়।

IMPORTANT MCQ

01. রহিম তার চারটি চারাগাছের মধ্যে থেকে তিনটিকে এক সারিতে একটি শেলফ এর উপর সাজাতে চাইল। যদি প্রত্যেকটি চারা গাছ ভিন্ন ভিন্ন রঙের পাত্রে থাকে, তবে সে চারাগাছগুলোকে কত বিভিন্ন উপায়ে সাজাতে পারবে? (Rahim wanted to arrange 3 of her four plants in a row on a shelf. If each of the plants is in a different colour container, how many different arrangements can he make?)

Ⓐ 7 Ⓑ 12 Ⓒ 24 Ⓓ 28

Solve চারটি চারাগাছ হতে তিনটি নিয়ে সাজানো যায়

$= {}^4P_3 = 4\times3\times2$ উপায়ে $= 24$ উপায়ে

02. EQUATION শব্দটি হতে প্রতিবারে 5টি করে অক্ষর নিয়ে কতগুলো শব্দ গঠন করা যায়?

Ⓐ 9720 Ⓑ 8600 Ⓒ 6400 Ⓓ 6720

Solve EQUATION শব্দটিতে মোট অক্ষর সংখ্যা 8টি, এরা সবাই ভিন্ন।

∴ গঠিত শব্দের সংখ্যা = ${}^8P_5 = 6720$

03. নিচের অঙ্কগুলো ব্যবহার করে 6 অঙ্কবিশিষ্ট কতগুলো ভিন্ন ভিন্ন সংখ্যা গঠন করা যাবে? (How many different six-digit numbers can be formed using all of the following digits?)

3, 3, 4, 4, 4, 5

Ⓐ 25 Ⓑ 40 Ⓒ 50 Ⓓ 60

Solve প্রদত্ত অঙ্ক মোট 6টি যার মধ্যে '3' দুইটি '4' তিনটি।

নির্ণেয় ছয় অঙ্কবিশিষ্ট মোট গঠিত সংখ্যা = $\dfrac{6!}{2!\times3!}$ টি

$= \dfrac{6\times5\times4\times3\times2\times1}{2\times1\times3\times2\times1}$ টি $= 60$টি

04. SCIENCE শব্দটির স্বরবর্ণগুলোকে একত্রে রেখে সবকটি বর্ণকে সম্ভাব্য যত উপায়ে সাজানো যায় তাদের সংখ্যা কত?

Ⓐ 150 Ⓑ 170 Ⓒ 180 Ⓓ 320

Solve I, E, E = 3টি স্বরবর্ণ যেখানে 2টি E; ব্যঞ্জনবর্ণ = 4টি, C = 2টি ∴ সাজানোর উপায় = $\dfrac{5!}{2!}\times\dfrac{3!}{2!} = 180$

05. স্বরবর্ণগুলিকে একত্রে পাশাপাশি না রেখে 'ADMISSION' শব্দটির অক্ষরগুলি কত সংখ্যক উপায়ে সাজানো যাবে?

Ⓐ 90720 Ⓑ 88600 Ⓒ 86400 Ⓓ 4320

Solve ADMISSION স্বরবর্ণ AIIO ব্যঞ্জনবর্ণ DMSSN

∴ পাশাপাশি না রেখে বিন্যাস সংখ্যা = $\dfrac{9!}{2!\times2!} - \dfrac{6!}{2!}\times\dfrac{4!}{2!} = 86400$

সমাবেশ (Combination)

- **সমাবেশ (Combination):** কতকগুলো জিনিস হতে কয়েকটি বা সবকয়টি এক সঙ্গে নিয়ে এদের ক্রম বিবেচনা না করে যত প্রকারে বাছাই করা যায় বা যতগুলো দল গঠন করা যায়, তাদের প্রত্যেকটিকে এক একটি সমাবেশ বলে।

সূত্র: n সংখ্যক বিভিন্ন জিনিস হতে প্রত্যেকবার r সংখ্যক জিনিস নিয়ে ${}^nC_r$ প্রকারে সমাবেশ করা যায়। সমাবেশ সংখ্যা, ${}^nC_r = \dfrac{n!}{r!\times(n-r)!}$

- **সমাবেশের ক্ষেত্র:** কখন সমাবেশ করতে হয়-

প্রশ্নে নিম্নলিখিত কথা উল্লেখ থাকলে সমাবেশ করতে হয়-

i) বেছে নেয়া	vi) টিম গঠন	xi) প্রার্থী নির্বাচন
ii) বাছাই করা	vii) ক্ষেত্র গঠন	xii) সরলরেখা বা কর্ণের সংখ্যা
iii) দল গঠন	viii) বিনিময় করা	xiii) সংকেত তৈরি
iv) কমিটি গঠন	ix) নিমন্ত্রণ করা	xiv) ভাগ করে দেয়া
v) উপকমিটি গঠন	x) ভ্রমণ করা	xv) উৎপাদক সংখ্যা

IMPORTANT MCQ

01. 14 জন খেলোয়াড়ের মধ্য থেকে নির্দিষ্ট একজন অধিনায়কসহ 11 জনের একটি ক্রিকেট দল কতভাবে বাছাই করা যাবে?

Ⓐ 728 Ⓑ 364 Ⓒ 286 Ⓓ 1001

Solve একজনকে অধিনায়ক হিসেবে বাছাই করার পর বাকি $(14-1)$ বা 13 জন হতে $(11-1)$ বা 10 জনকে বাছাই করে 11 জনের দল গঠনের উপায় = ${}^{13}C_{10} = \dfrac{13\times12\times11}{3\times2\times1} = 286$

02. সাতটি ভিন্ন ভিন্ন সরলরেখার দৈর্ঘ্য যথাক্রমে 1, 2, 3, 4, 5, 6 এবং 7 সেন্টিমিটার। সরলরেখাগুলি দিয়ে কত প্রকারের চতুর্ভুজ গঠন করা যাবে?

Ⓐ 32 Ⓑ 35 Ⓒ 140 Ⓓ 70

Solve 1, 2, 3, 4, 5, 6, 7 যেকোনো 4 রেখার বাছাই সংখ্যা = ${}^7C_4 = 35$ রেখা 4টির মধ্যে (1, 2, 3, 6), (1, 2, 4, 7), (1, 2, 3, 7) দ্বারা চতুর্ভুজ হবে না যা 3টি।

∴ চতুর্ভুজের সংখ্যা = $35 - 3 = 32$

CamScanner

03. 6 জন বালক এবং 5 জন বালিকার একটি দল থেকে কত উপায়ে 3 জন বালক এবং 2 জন বালিকার একটি দল গঠন করা যেতে পারে-

Ⓐ 10 Ⓑ 20
Ⓒ 50 Ⓓ 200

Solve দলের সংখ্যা $= {}^6C_3 \times {}^5C_2 = \frac{6 \times 5 \times 4}{6} \times \frac{5 \times 4}{2} = 200$

04. ${}^nP_r = 120$ এবং ${}^nC_r = 20$ হলে, r এর মান কত?

Ⓐ 6 Ⓑ 5 Ⓒ 3 Ⓓ 2

Solve ${}^nP_r = 120$ এবং ${}^nC_r = 20$

$\Rightarrow r! \, {}^nC_r = 120 \Rightarrow r! \times 20 = 120 \Rightarrow r! = 6$

$\Rightarrow r! = 3! \Rightarrow r = 3$

05. ${}^{16}C_{13} = ?$

Ⓐ 560 Ⓑ 650 Ⓒ 570 Ⓓ 500

Solve ${}^{16}C_{13} = \frac{16!}{13!\,3!} = \frac{16 \times 15 \times 14}{3 \times 2 \times 1} = 560$

06. 14 জন ফুটবল খেলোয়াড় থেকে কয়জন খেলোয়াড় নিয়ে গঠিত সমাবেশ সংখ্যা ও বিন্যাস সংখ্যা সমান হবে?

Ⓐ 1 Ⓑ 2
Ⓒ 11 Ⓓ 13

Solve প্রশ্নমতে, ${}^{14}P_n = {}^{14}C_n$

$\Rightarrow \frac{14!}{(14-n)!} = \frac{14!}{n!\,(14-n)!} \Rightarrow n! = 1 \Rightarrow n = 1$

07. চারজন মহিলা ও ছয়জন পুরুষের মধ্য হতে চার সদস্য বিশিষ্ট একটি উপকমিটি কত প্রকারে গঠন করা যাবে, যাতে একজন নির্দিষ্ট পুরুষ সর্বদাই অন্তর্ভুক্ত হবে।

Ⓐ 504 Ⓑ 210
Ⓒ 126 Ⓓ 84

Solve উপকমিটি গঠন করার উপায় $= {}^{10-1}C_{4-1} = {}^9C_3 = 84$

08. 17 টি ব্যঞ্জনবর্ণ ও 5 টি স্বরবর্ণ থেকে 3টি ব্যঞ্জনবর্ণ ও 2টি স্বরবর্ণ নিয়ে মোট কতগুলো ভিন্ন ভিন্ন শব্দ গঠন করা যায়?

Ⓐ 815000 Ⓑ 816000
Ⓒ 817000 Ⓓ 818000

Solve 17 টি ব্যঞ্জনবর্ণ হতে 3টির বাছাই সংখ্যা $= {}^{17}C_3$

এবং 5টি স্বরবর্ণ হতে 2টির বাছাই $= {}^5C_2$

মোট বাছাই $= {}^{17}C_3 \times {}^5C_2$

প্রতিটি বাছাইকৃত বর্ণদ্বারা গঠিত শব্দ সংখ্যা $= 5!$

$\therefore$ মোট শব্দ সংখ্যা $= {}^{17}C_3 \times {}^5C_2 \times 5! = 816000$

বীজগণিত

অধ্যায় ১০

পরিসংখ্যান

প্রয়োজনীয় তথ্য ও সূত্রাবলি

পরিসংখ্যান (Statistics):
পরিসংখ্যান এক ধরনের গাণিতিক বিজ্ঞান; যা প্রধানত উপাত্ত সংগ্রহ, বিশ্লেষণ, ব্যাখ্যা ও সহজে পরিবেশন নিয়ে কাজ করে।

উপাত্ত (Data): যে information বা তথ্যকে সংখ্যার মাধ্যমে প্রকাশ করা হয় তাকে উপাত্ত বা Data বলে।

কেন্দ্রীয় প্রবণতার পরিমাপ (Measures of central tendeney):
উপাত্তসমূহের (Data set) কেন্দ্রীয় মানের দিকে পুঞ্জিভূত হবার ঝোঁক বা প্রবণতাকে কেন্দ্রীয় প্রবণতা বলে। কেন্দ্রীয় মানটি উপাত্তসমূহের প্রতিনিধিত্বকারী একটি সংখ্যা যা দ্বারা কেন্দ্রীয় প্রবণতা পরিমাপ করা হয়।



গাণিতিক গড় (Arithmetic Mean):
কোনো তথ্যসারিতে যতগুলি উপাত্ত থাকে তাদের সমষ্টিকে উপাত্তগুলির সংখ্যা দ্বারা ভাগ করলে যে মান পাওয়া যায় তাকে ঐ তথ্যসারির গাণিতিক গড় বলে।

ব্যাখ্যা: অবিন্যস্ত চলক x এর n সংখ্যক মান $x_1, x_2, x_3, \ldots\ldots, x_n$ থাকলে, x চলকের গড়কে $\bar{x}$ দ্বারা প্রকাশ করা হয়।

গাণিতিক গড়, $\bar{x} = \frac{\text{সংখ্যাগুলোর যোগফল}}{\text{মোট সংখ্যা}} = \frac{x_1 + x_2 + \ldots\ldots + x_n}{n}$

গুরুত্বপূর্ণ তথ্য:
- পরিসংখ্যানে বর্ণিত তথ্যাদি যে সংখ্যাগুলোর মাধ্যমে প্রকাশিত হয় তাদেরকে ঐ পরিসংখ্যানের উপাত্ত বলে।
- অনুসন্ধানকারী বা গবেষক নিজের পরিকল্পনা অনুযায়ী সরাসরি উৎস থেকে যে উপাত্ত সংগ্রহ করে তাকে প্রাথমিক উপাত্ত বলে।
- যে চলকের মান শুধুমাত্র পূর্ণসংখ্যা হতে পারে, তাকে বিচ্ছিন্ন চলক বলে।
- যে চলকের মান যে কোনো বাস্তব সংখ্যা হতে পারে তাকে অবিচ্ছিন্ন চলক বলে।
- কোনো শ্রেণিতে প্রকৃত উচ্চ সীমা ও নিম্ন সীমার পার্থক্যকে শ্রেণি ব্যবধান বলে।

IMPORTANT MCQ

01. নিম্নে 40 জন ছাত্রের বার্ষিক পরীক্ষায় গণিত বিষয়ে প্রাপ্ত নম্বর দেয়া হল : 42, 31, 45, 27, 60, 61, 39, 41, 35, 58, 29, 53, 48, 39, 52, 38, 40, 47, 28, 51, 49, 78, 90, 52, 48, 36, 52, 39, 71, 64, 32, 49, 56, 33, 48, 33, 25, 48, 29, 35। প্রদত্ত সংখ্যাগুলো প্রচুরক কত

Ⓐ 47 Ⓑ 46 Ⓒ 48 Ⓓ 47.5

Solve এখানে, গণিতে প্রাপ্ত নম্বরগুলির মধ্যে 48 সংখ্যাটি সর্বোচ্চ 4 বার আছে। $\therefore$ প্রচুরক = 48

02. ১২, ৯, ১৫, ৫, ২০, ৮, ২৫, ১৭, ২১, ২৩, ১১ উপাত্তগুলোর মধ্যক:

Ⓐ ১৫ Ⓑ ১৪ Ⓒ ১৩ Ⓓ ১২

Solve সংখ্যাগুলোকে মানের উর্ধ্বক্রমে সাজাই: ৫, ৮, ৯, ১১, ১২, ১৫, ১৭, ২০, ২১, ২৩, ২৫

এখানে, মোট সংখ্যা, n = ১১ (বিজোড়)

$\therefore$ মধ্যক $= \frac{n+১}{২} = \frac{১১+১}{২} = \frac{১২}{২} = ৬$ তম পদ

$\therefore$ ৬ষ্ঠ পদ = ১৫

সুতরাং, প্রদত্ত উপাত্তগুলোর মধ্যক ১৫

03. নিচের কোনটি বিচ্ছিন্ন চলক?

Ⓐ বয়স Ⓑ জনসংখ্যা Ⓒ উচ্চতা Ⓓ ওজন

Solve জনসংখ্যা সর্বদা পূর্ণসংখ্যা হয়

$\therefore$ জনসংখ্যা হল বিচ্ছিন্ন চলক।

04. বিভিন্ন বার্ষিক রিপোর্ট, প্রতিবেদন, খবরের কাগজ ইত্যাদি কি ধরনের উপাত্ত?

Ⓐ প্রাথমিক Ⓑ মাধ্যমিক Ⓒ তথ্যবহুল Ⓓ উপাত্তবহুল

Solve বিভিন্ন সংস্থা থেকে প্রাপ্ত উপাত্ত হল প্রাথমিক উপাত্ত।

05. 4, 8 এবং 16 এর জ্যামিতিক গড় কোনটি?

Ⓐ 8 Ⓑ 4 Ⓒ 16 Ⓓ 12

Solve জ্যামিতিক গড় $= \sqrt[3]{4 \times 8 \times 16} = 8$

জ্যামিতি

জ্যামিতি

অধ্যায় ১ মৌলিক ধারণা

জ্যামিতি সম্পর্কিত Vocabulary

Altitude (height)	উচ্চতা	Isosceles triangle	সমদ্বিবাহু ত্রিভুজ
Arc	চাপ	Median	মধ্যমা
Area	ক্ষেত্রফল	Obtuse angle	স্থূলকোণ
Base	ভূমি	Parallel	সমান্তরাল
Bisector	দ্বিখণ্ডক	Parallelogram	সামান্তরিক
Central angle	কেন্দ্রস্থ কোণ	Pentagon	পঞ্চভুজ
Chord	জ্যা	Perpendicular	লম্ব
Circle	বৃত্ত	Polygon	বহুভুজ
Circumference	বৃত্তের পরিধি	Quadrilateral	চতুর্ভুজ
Congruent	সর্বসম	Radius	ব্যাসার্ধ
Cube	ঘনক	Rectangle	আয়তক্ষেত্র
Diagonal	কর্ণ	Right angle	সমকোণ
Diameter	ব্যাস	Right triangle	সমকোণী ত্রিভুজ
Equilateral triangle	সমবাহু ত্রিভুজ	Semicircle	অর্ধবৃত্ত
Exterior angle	বহিস্থ কোণ	Similar triangle	সদৃশ ত্রিভুজ
Face	তল	Square	বর্গক্ষেত্র
Hexagon	ষড়ভুজ	Triangle	ত্রিভুজ
Hypotenuse	অতিভুজ	Volume	আয়তন
Interior angle	অন্তস্থ কোণ	Vertex	শীর্ষবিন্দু

প্রয়োজনীয় তথ্য ও সূত্রাবলি

- জ্যামিতি বা Geometry গণিতশাস্ত্রের একটি প্রাচীন শাখা। Geometry শব্দটি গ্রিক geo - ভূমি (earth) ও metron - পরিমাপ (measure) শব্দের সমন্বয়ে তৈরি। তাই 'জ্যামিতি' শব্দের অর্থ 'ভূমি পরিমাপ'। জ্যামিতি হলো একটি স্থানভিত্তিক বিজ্ঞান।
  গ্রিক পণ্ডিত ইউক্লিডকে জ্যামিতির জনক হিসাবে ধরা হয়। তিনি তাঁর বিখ্যাত গ্রন্থ Euclid's Elements (১৩টি খণ্ডে বিভক্ত) - এ মোট ৪৬৫টি শৃঙ্খলাবদ্ধ প্রতিজ্ঞার প্রমাণ দিয়েছেন।
  "গণিতশাস্ত্রের যে শাখায় বিন্দু থেকে বৃত্ত পর্যন্ত যাবতীয় ক্ষেত্রের বৈশিষ্ট, ধর্ম এবং ক্ষেত্রের পরিমাপ সম্বন্ধে আলোচনা হয়, তাই জ্যামিতি।"
- **বিন্দু (Point):** যার দৈর্ঘ্য, প্রস্থ, ভেদ, উচ্চতা কিছুই নেই শুধু অবস্থান আছে তাকে বিন্দু বলে।
- **রেখা (Line):** বিন্দুর চলার পথকে রেখা বলে।

  A ——— B
- **সরলরেখা (Straight line):** একটি বিন্দু থেকে অন্য একটি বিন্দুতে পৌঁছতে যদি কোনো প্রকার দিক পরিবর্তন না হয় তবে তাকে সরলরেখা বলে।

  A ——— B
- **বক্ররেখা (Curve):** একটি বিন্দু থেকে অন্য একটি বিন্দুতে পৌঁছাতে যদি কোনো দিক পরিবর্তন হয় তবে তাকে বক্ররেখা বলে।

  A ~~~ B
- **সমান্তরাল রেখা (Parallel line):** দুটি রেখা যদি পরস্পরের মধ্যে সর্বদা সমান দূরত্ব বজায় রেখে চলতে থাকে তবে তাকে সমান্তরাল রেখা বলে।

  A ——— B
  C ——— D

  ◆ রেখার কোনো প্রান্তবিন্দু নেই। ⟷ সরলরেখা
  ◆ রেখাংশের দুটি প্রান্তবিন্দু থাকে। ——— রেখাংশ
  ◆ রশ্মির একটি মাত্র প্রান্তবিন্দু থাকে। ⟶ রশ্মি

- **ঘনবস্তু (Cube):** যে বস্তুর দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা আছে, তাকে ঘনবস্তু বলে।
  যেমন- ইট, ম্যাচ বক্স, বই, খাতা ইত্যাদি।

  

  চিত্রঃ ঘনবস্তু
- **কোণ (Angle):** যদি দুইটি সরলরেখা পরস্পরের সাথে কোনো বিন্দুতে মিলিত হয়, তবে মিলন বিন্দুতে কোণ উৎপন্ন হয়। কোণ নির্দেশক চিহ্ন ∠.

  

  চিত্রে, ∠AOB একটি কোণ।
- **সূক্ষ্মকোণ (Acute angle):**
  এক সমকোণ (90°) অপেক্ষা ছোট কোণকে সূক্ষ্মকোণ বলে।

  

  চিত্রে, ∠AOC একটি সূক্ষ্মকোণ।
- **সমকোণ (Right angle):** একটি সরলরেখার উপর অন্য একটি লম্ব টানলে এক লম্বের দুপাশে অবস্থিত ভূমি সংলগ্ন কোণ দুটি সমান হলে, প্রতিটি কোণকে সমকোণ বলে। এক সমকোণ = 90° অর্থাৎ 90°'র সমান কোণকে সমকোণ বলে।

  

  চিত্রে, ∠AOC = ∠BOC = 90° = এক সমকোণ।
- **স্থূলকোণ (Obtuse angle):** এক সমকোণ অপেক্ষা বড় কিন্তু দুই সমকোণ অপেক্ষা ছোট কোণকে স্থূলকোণ বলে।

  

  চিত্রে, ∠AOD একটি স্থূলকোণ।
- **সরলকোণ (Straight angle):** দুটি সরলরেখা পরস্পর সম্পূর্ণ বিপরীত দিকে গমন করলে রেখাটির বিপরীত দুপাশে যে কোণ উৎপন্ন হয় তাকে সরলকোণ বলে। সরলকোণ দুই সমকোণের সমান বা 180°।

  

  চিত্রে, ∠AOB = 180° = সরলকোণ।
- **প্রবৃদ্ধকোণ (Reflex angle):** দুই সমকোণ থেকে বড় কিন্তু চার সমকোণ থেকে ছোট কোণকে প্রবৃদ্ধকোণ বলে।

  চিত্রে, ∠ACB = প্রবৃদ্ধকোণ।
- **সন্নিহিত কোণ (Adjacent angle):**
  যদি কোনো তলে দুইটি কোণের একই শীর্ষবিন্দু হয় এবং কোণদ্বয় সাধারণ বাহুর বিপরীত পাশে অবস্থান করে, তবে ঐ কোণদ্বয়কে সন্নিহিত কোণ বলে।

  

  চিত্রে, ∠BAC ও ∠CAD কোণদ্বয়ের শীর্ষবিন্দু A এবং সাধারণ বাহু AC।
  ∴ ∠BAC ও ∠CAD সন্নিহিত কোণ।

CamScanner

পূরক কোণ (Complementary angle): দুইটি কোণের ডিগ্রি পরিমাপের সমষ্টি 90° হলে কোণ দুইটিকে পরস্পরের পূরক কোণ বলে।

চিত্রে, $\angle A = 50°$ এবং $\angle B = 40°$ হলে A ও B পরস্পর পূরক কোণ।

সম্পূরক কোণ (Supplementary angle): দুটি কোণের সমষ্টি 180° বা দুই সমকোণ হলে একটিকে অপরটির সম্পূরক কোণ বলে।

চিত্রে, $\angle A = 130°$ এবং $\angle B = 50°$ হলে A ও B পরস্পর সম্পূরক কোণ।

বিপ্রতীপ কোণ (Vertical angle): দুটি সরলরেখা পরস্পর ছেদ করলে যে চারটি কোণ উৎপন্ন হয় এদের যেকোনো একটিকে তার বিপরীত কোণের বিপ্রতীপ কোণ বলে।



চিত্রে, $\angle 1$ এবং $\angle 3$ এক যুগল বিপ্রতীপ কোণ যা AB এবং CD রেখাদ্বয়ের ছেদের ফলে উৎপন্ন হয়েছে। একইভাবে চিত্রে $\angle 2$ এবং $\angle 4$ আরেক যুগল বিপ্রতীপ কোণ এবং একই সরলরেখা দ্বারা উৎপন্ন।

একান্তর কোণ (Alternate angle): দুইটি সমান্তরাল সরলরেখাকে অপর একটি সরলরেখা তির্যকভাবে ছেদ করলে ছেদকরেখার বিপরীত পার্শ্বে সমান্তরাল রেখা যে কোণ উৎপন্ন করে তাকে একান্তর কোণ বলে। একান্তর কোণদ্বয় পরস্পর সমান।



চিত্রে, $\angle APQ$ এবং $\angle DQP$ পরস্পর একান্তর কোণ AB || CD এবং RS ছেদক।

IMPORTANT MCQ

1. কোটি 35° কোণের পূরক কোণ? (What is the complementary angle of 35^0?)

Ⓐ 125° Ⓑ 55° Ⓒ 25° Ⓓ 325°

Solve দুইটি কোণের সমষ্টি 90^0 (এক সমকোণ) হলে, তাদের পূরক কোণ বলে। ∴ পূরককোণ = $(90 - 35)° = 55°$

2. ৯০° কোণের সম্পূরক কোণ কত ডিগ্রী?

Ⓐ 0° Ⓑ ২৮০° Ⓒ ২৭০° Ⓓ ৯০°

Solve সম্পূরক কোণ = $(180° - 90°) = 90°$

3. $\angle A$ ও $\angle B$ পরস্পর সম্পূরক কোণ। $\angle A = 115°$ হলে $\angle B$ = কত? ($\angle A$ and $\angle B$ are supplementary angles. If $\angle A = 115^0$, $\angle B$ = ?)

Ⓐ 65° Ⓑ 85° Ⓒ 75° Ⓓ 90°

Solve আমরা জানি, সম্পূরক কোণ = 180°

$\angle A + \angle B = 180° \Rightarrow 115° + \angle B = 180°$

$\Rightarrow \angle B = 180° - 115°$ ∴ $\angle B = 65°$

4. ঠিক ৩টায় একটি ঘড়ির ঘণ্টা ও মিনিটের কাঁটার মধ্যবর্তী কোণের মান কত? (What is the angle formed between the hour and minute indicators at 3:00 pm?)

Ⓐ π রেডিয়ান Ⓑ $\frac{\pi}{3}$ রেডিয়ান Ⓒ $\frac{\pi}{4}$ রেডিয়ান Ⓓ $\frac{\pi}{2}$ রেডিয়ান

Solve আমরা জানি, ঘণ্টার কাঁটার ১ ঘরের জন্য 30° এবং প্রতি মিনিটের জন্য $\frac{1°}{2}$ পরিমাপ করতে হয়। মিনিটের কাঁটা ১২টা এবং ঘণ্টার কাঁটা ৩টার অবস্থানে থাকলে কাঁটাদ্বয়ের মধ্যে ব্যবধান = $3 \times 30° = 90° = \frac{\pi}{2}$ রেডিয়ান।

5. AB রেখাংশের উপর P একটি বিন্দু হলে কোন সম্পর্কটি সব সময় প্রযোজ্য? (If P is a point on line AB, which relation is always applicable?)

Ⓐ AP = PB Ⓑ AB > AP Ⓒ AB > AP + PB Ⓓ AP > PB

Solve AB রেখার উপর P একটি বিন্দু হলে AP হবে AB রেখার একটি অংশ। AB > AP।

6. একটি গাড়ির চাকা প্রতি মিনিটে ১২ বার ঘুরে। চাকাটি কত সেকেন্ডে কত ডিগ্রি ঘুরে? (A car wheel revolves 12 times a minute. What angle will it revolve in 5 seconds?)

Ⓐ ৩৫৯° Ⓑ ৩৬০° Ⓒ ৩৬১° Ⓓ ৩৬২°

Solve চাকাটি ৬০ সেকেন্ডে = ১২ × ৩৬০° ঘুরে

∴ " ১ " = $\frac{১২ \times ৩৬০°}{৬০}$ "

∴ " ৫ " = $\frac{১২ \times ৩৬০° \times ৫}{৬০}$ = ৩৬০° ঘুরে।

7.

চিত্রে, $\angle PQR = 55°$, $\angle LRN = 90°$ এবং PQ ⊥ MR, PQ = PR হলে, $\angle NRP$ এর মান নিচের কোনটি?

Ⓐ 90° Ⓑ 55° Ⓒ 45° Ⓓ 35°

Solve $\angle PQR = 55°$, $\angle LRN = 90°$, PQ = PR ∴ $\angle QRN = 90°$

যেহেতু PQ = PR এবং $\angle PQR = 55°$ ∴ $\angle QRP = 55°$

এখানে, $\angle NRP = \angle QRN - \angle QRP = 90° - 55° = 35°$

8. ত্রিভুজের তিন বাহুর দৈর্ঘ্য যথাক্রমে 6, 8 ও 10 মিটার হলে বৃহত্তম ও ক্ষুদ্রতম বাহুর মধ্যবিন্দু দুটির দূরত্ব কত মিটার?

Ⓐ 4 Ⓑ 5 Ⓒ 6 Ⓓ 7

Solve

AB এর মধ্যবিন্দু, AD = BD = 5 মিটার

BC ,, ,, BE = CE = 3 মিটার

∴ $DE = \frac{5+3}{2} = 4$

9. ত্রিভুজের একটি বাহুকে উভয় দিকে বর্ধিত করায় উৎপন্ন বহিস্থ কোণদ্বয় পরস্পর সমান হলে, ত্রিভুজটি-

Ⓐ সমকোণী Ⓑ বিষমবাহু

Ⓒ সমদ্বিবাহু Ⓓ সমবাহু

Solve ΔABC এর BC বাহুকে উভয় দিকে D এবং E পর্যন্ত বর্ধিত করি।

তাহলে, $\angle ABD = \angle ACE$

বা, $১৮০° - \angle ABD = ১৮০° - \angle ACE$

বা, $\angle ABC = \angle ACB$, ∴ AB = AC

অর্থাৎ, ΔABC একটি সমদ্বিবাহু ত্রিভুজ।



10. ΔABC এর BC কে D পর্যন্ত বর্ধিত করলে $\angle ACD$ = ?

Ⓐ $\angle A + \angle B + \angle C$ Ⓑ $\angle A + \angle C$

Ⓒ $\angle A + \angle B$ Ⓓ $\angle B + \angle C$

Solve

এখানে, $\angle ACD = \angle A + \angle B$



জ্যামিতি

অধ্যায় ২

ত্রিভুজ

প্রয়োজনীয় তথ্য ও সূত্রাবলি

ত্রিভুজ (Triangle): তিনটি সরলরেখা দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রকে ত্রিভুজ বলে।



ABC একটি ত্রিভুজ

- ভূমি = Base
- শীর্ষবিন্দু = Vertex
- মধ্যমা = Median
- উচ্চতা = Altitude
- BC ত্রিভুজটির ভূমি।
- BC ভূমির বিপরীত বিন্দুই শীর্ষবিন্দু। চিত্রে, A শীর্ষবিন্দু। একটি ত্রিভুজের তিনটি শীর্ষবিন্দু থাকে।
- ত্রিভুজের ভূমি থেকে শীর্ষবিন্দুর লম্ব দূরত্ব হলো উচ্চতা। চিত্রে, AE = h (উচ্চতা)
- ভূমির মধ্যবিন্দু থেকে শীর্ষের সংযোগরেখাকে মধ্যমা বলে। চিত্রে, AD মধ্যমা।

সূক্ষ্মকোণী ত্রিভুজ (Acute angled triangle): যে ত্রিভুজের তিনটি কোণই এক সমকোণ (90°) থেকে ছোট তাকে সূক্ষ্মকোণী ত্রিভুজ বলে।



চিত্রে, ABC ত্রিভুজের প্রত্যেকটি কোণ এক সমকোণের চেয়ে ছোট।

স্থূলকোণী ত্রিভুজ (Obtuse angled triangle) : যে ত্রিভুজের একটি কোণ স্থূলকোণ বা এক সমকোণ অপেক্ষা বড় তাকে স্থূলকোণী ত্রিভুজ বলে। কোনো ত্রিভুজের একের অধিক স্থূলকোণ থাকতে পারে না।



চিত্রে, ABC একটি স্থূলকোণী ত্রিভুজ এবং ∠ABC একটি স্থূলকোণ।

সমকোণী ত্রিভুজ (Right triangle):
যে ত্রিভুজের একটি কোণ সমকোণ, তাকে সমকোণী ত্রিভুজ বলে।

- সমকোণের বিপরীত বাহুকে বলা হয় অতিভুজ।
- সমকোণী ত্রিভুজের অতিভুজই বৃহত্তম বাহু।
- সমকোণ সংলগ্ন বাহুদ্বয়ের একটিকে ভূমি এবং অন্যটিকে লম্ব বলে।
- সমকোণী ত্রিভুজে সমকোণ ভিন্ন অন্য দুইটি কোণ হবে সূক্ষ্মকোণ।
- $(\text{অতিভুজ})^2 = (\text{লম্ব})^2 + (\text{ভূমি})^2$

পিথাগোরাসের উপপাদ্য:
সমকোণী ত্রিভুজের অতিভুজের উপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল এর অপর দুই বাহুর উপর অংকিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফলের সমষ্টির সমান।
অতএব, $(\text{অতিভুজ})^2 = (\text{লম্ব})^2 + (\text{ভূমি})^2$

সমবাহু ত্রিভুজ (Equilateral triangle):

- তিনটি বাহু সমান।
- তিনটি কোণ সমান এবং প্রত্যেকটি কোণের পরিমাণ 60°।
- মধ্যমাসমূহ সমান। • সকল মধ্যমাই লম্ব।
- প্রত্যেকটি বাহুর দৈর্ঘ্য a হলে,

পরিসীমা 3a এবং ক্ষেত্রফল $= \frac{\sqrt{3}}{4}a^2$



সমবাহু ত্রিভুজ: যে ত্রিভুজের তিনটি বাহুই সমান তাকে সমবাহু ত্রিভুজ বলে।

সমবাহু ত্রিভুজের ক্ষেত্রে প্রয়োজনীয় সূত্রসমূহ:

- সমবাহু ত্রিভুজের প্রতিটি বাহুর দৈর্ঘ্য a হলে, ক্ষেত্রফল $= \frac{\sqrt{3}}{4}a^2$ বর্গএকক
- সমবাহু ত্রিভুজের উচ্চতা, $h = \frac{\sqrt{3}}{2} \times \text{বাহু} = \frac{\sqrt{3}}{2}a$
- সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{(\text{উচ্চতা})^2}{\sqrt{3}} = \frac{h^2}{\sqrt{3}}$
- সমবাহু ত্রিভুজের পরিসীমা $= 3 \times \text{বাহু} = 3a$



সমদ্বিবাহু ত্রিভুজ (Isosceles triangle):

- কোনো ত্রিভুজের দুইটি বাহু সমান হলে, তাকে সমদ্বিবাহু ত্রিভুজ বলা হয়।
- দুটি বাহু সমান ও দুটি মধ্যমা সমান।
- সমান সমান বাহু সংলগ্ন কোণগুলো সমান এবং সমান সমান কোণের বিপরীত বাহুগুলো সমান।
- ক্ষেত্রফল $= \frac{a}{4}\sqrt{4b^2 - a^2}$ (a = ভূমি, b = অপর বাহু)



চিত্রে, ABC একটি সমদ্বিবাহু ত্রিভুজ।
উহার AB = AC, ∠ABC = ∠ACB

সমদ্বিবাহু ত্রিভুজ:
যে ত্রিভুজের দুইটি বাহু সমান এবং অপরটি অসমান তাকে সমদ্বিবাহু ত্রিভুজ বলে। চিত্রে, ABC একটি সমদ্বিবাহু ত্রিভুজ। এই ত্রিভুজের AB = AC

- সমান সমান বাহুর বিপরীত কোণগুলো সমান হয়। চিত্রে, AB = AC। AB বাহুর বিপরীত কোণ ∠ACB এবং AC বাহুর বিপরীত কোণ ∠ABC হওয়ায়, ∠ACB = ∠ABC



- সমদ্বিবাহু ত্রিভুজের দুইটি মধ্যমার দৈর্ঘ্য সমান থাকে।
- সমদ্বিবাহু ত্রিভুজের সমান বাহুদ্বয় বর্ধিত করলে উৎপন্ন কোণদ্বয় স্থূলকোণ হয়। চিত্রে, ∠CBD এবং ∠BCE স্থূলকোণ



- শিরঃকোণের সমদ্বিখণ্ডক ভূমির লম্বদ্বিখণ্ডক হয়। চিত্রে, ∠BAC একটি শিরঃকোণ। এ কোণের সমদ্বিখণ্ডক AD, ভূমি BC এর উপর লম্ব অর্থাৎ AD ⊥ BC



সমদ্বিবাহু ত্রিভুজের ক্ষেত্রে প্রয়োজনীয় সূত্রসমূহ:
ABC সমদ্বিবাহু ত্রিভুজের সমান সমান বাহু, AB = AC = a এবং অসমান বাহু = b হলে,

* ক্ষেত্রফল, $A = \frac{b}{4}\sqrt{4a^2 - b^2}$ বর্গএকক
$= \frac{\text{অসমান বাহু}}{8} \times \sqrt{4(\text{সমানবাহু})^2 - (\text{অসমান বাহু})^2}$
* উচ্চতা, $h = \frac{1}{2}\sqrt{4a^2 - b^2}$ একক



সমকোণী সমদ্বিবাহু ত্রিভুজ:
যে ত্রিভুজের দুটি বাহু সমান এবং সমান সমান বাহুর অন্তর্ভুক্ত কোণ এক সমকোণ তাকে সমদ্বিবাহু সমকোণী ত্রিভুজ বলে।
চিত্রে, ∠ABC = 90° এবং AB = BC

- সমকোণী সমদ্বিবাহু ত্রিভুজের বাহু দুটি সমান হওয়ায় বিপরীত কোণ দুটি সমান হয়।



CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

• সমকোণী সমদ্বিবাহু ত্রিভুজের বাহুগুলোর অনুপাত $1 : 1 : \sqrt{2}$ এবং কোণের পরিমাণ $90°, 45°, 45°$

অতিভুজ, $h = a\sqrt{2}$ একক, ক্ষেত্রফল, $A = \frac{1}{2}a^2$ বর্গএকক

পরিসীমা, $P = 2a + \sqrt{2}a = \sqrt{2}a(1 + \sqrt{2}) = h(\sqrt{2} + 1)$ একক

বিষমবাহু ত্রিভুজ (Scalene triangle): যে ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্যই অসমান, তাকে বিষমবাহু ত্রিভুজ বলা হয়।



ΔABC এ $AB \neq BC \neq CA$। ΔABC একটি বিষমবাহু ত্রিভুজ।

বিষমবাহু ত্রিভুজ:
যে ত্রিভুজের কোন বাহুই সমান নয়, তাকে বিষমবাহু ত্রিভুজ বলে।
চিত্রে, ABC একটি বিষমবাহু ত্রিভুজ। এই ত্রিভুজের $AB \neq BC \neq AC$



• বিষমবাহু ত্রিভুজের মধ্যমা তিনটির দৈর্ঘ্য অসমান থাকে।
• বিষমবাহু ত্রিভুজের বৃহত্তম কোণের বিপরীত বাহু বৃহত্তম এবং ক্ষুদ্রতম কোণের বিপরীত বাহু ক্ষুদ্রতম হয়।

বিষমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল: বিষমবাহু ত্রিভুজের তিন বাহুর দৈর্ঘ্য যথাক্রমে a, b এবং c হলে, ত্রিভুজটির ক্ষেত্রফল $= \sqrt{s(s-a)(s-b)(s-c)}$ বর্গএকক

এখানে, s = অর্ধপরিসীমা $= \frac{a+b+c}{2}$ একক

অন্তঃকেন্দ্র (Incenter):
ত্রিভুজের কোণত্রয়ের সমদ্বিখণ্ডক রেখার ছেদবিন্দুকে ত্রিভুজের অন্তঃকেন্দ্র বলে।
চিত্রে, ABC ত্রিভুজে AD, BE এবং CF যথাক্রমে $\angle BAC$, $\angle ABC$ এবং $\angle ACB$ কোণত্রয়ের সমদ্বিখণ্ডক। সমদ্বিখণ্ডক তিনটি O বিন্দুতে ছেদ করেছে। অতএব, O হল ত্রিভুজটির অন্তঃকেন্দ্র।



পরিকেন্দ্র (Circumcenter):
ত্রিভুজের লম্বদ্বিখণ্ডকত্রয় এর ছেদবিন্দুকে ত্রিভুজের পরিকেন্দ্র বলে।
চিত্রে, অইই ত্রিভুজের লম্বদ্বিখণ্ডকত্রয় O বিন্দুতে ছেদ করেছে। অতএব, O হল ত্রিভুজটির পরিকেন্দ্র।



ভরকেন্দ্র (Centroid):
ত্রিভুজের মধ্যমাত্রয় এর ছেদবিন্দুকে ত্রিভুজের ভরকেন্দ্র বলে।
চিত্রে, ABC ত্রিভুজে মধ্যমাত্রয় O বিন্দুতে ছেদ করেছে। অতএব, এ হল ত্রিভুজটির ভরকেন্দ্র।



লম্ববিন্দু (Orthocenter):
ত্রিভুজের শীর্ষত্রয় হতে বিপরীত বাহুর উপর অঙ্কিত লম্বত্রয় এর ছেদবিন্দুকে ত্রিভুজের লম্ববিন্দু বলে।
চিত্রে, ABC ত্রিভুজের তিনটি শীর্ষ বিন্দু থেকে বিপরীত বাহুর উপর অঙ্কিত লম্বত্রয় O বিন্দুতে ছেদ করেছে। অতএব O হলো ত্রিভুজটির লম্ববিন্দু।



IMPORTANT MCQ

01. একটি ত্রিভুজাকৃতি ক্ষেতের ক্ষেত্রফল 84 বর্গগজ। ত্রিভুজের শীর্ষবিন্দু হতে ভূমির উপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য 12 গজ হলে, ভূমির দৈর্ঘ্য কত?
Ⓐ 10 গজ Ⓑ 12 গজ Ⓒ 14 গজ Ⓓ 7 গজ

Solve ভূমি $= \frac{2 \times \text{ক্ষেত্রফল}}{\text{লম্ব}} = \left(\frac{2 \times 84}{12}\right)$ গজ $= 14$ গজ

02. ত্রিভুজ ABC এর BE = EF = CF, AEC এর ক্ষেত্রফল 48 বর্গফুট হলে, ত্রিভুজ ABC এর ক্ষেত্রফল কত বর্গফুট?
Ⓐ 72 Ⓑ 60 Ⓒ 48 Ⓓ 64

Solve মধ্যমা ত্রিভুজকে সমান দুই ভাগে ভাগ করে।
ΔAEC-এ, EF = CF, সেহেতু AF মধ্যমা



$\therefore \Delta AEF = \Delta AFC = \frac{48}{2} = 24$ বর্গফুট
অনুরূপভাবে, ΔABF-এ, BE = EF, সেহেতু AE মধ্যমা
$\therefore \Delta ABE = \Delta AEF = \frac{48}{2} = 24$ বর্গফুট
$\therefore \Delta ABE = \Delta AEF = \Delta AFC$
প্রশ্নমতে, $\Delta AEC = 48 \Rightarrow \Delta AEF + \Delta AFC = 48$
$\Rightarrow \Delta ABE + \Delta ABE = 48 \Rightarrow 2\Delta ABE = 48 \therefore \Delta ABE = 24$
$\therefore \Delta ABC = \Delta ABE + \Delta AEC = (24 + 48) = 72$ বর্গফুট

03. একটি সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল 50 বর্গ সে.মি.। ত্রিভুজের প্রতি বাহুর দৈর্ঘ্য কত?
Ⓐ 15.2 সে.মি. Ⓑ 10.5 সে.মি.
Ⓒ 10.7 সে.মি. Ⓓ 17.1 সে.মি.

Solve মনে করি, সমবাহু ত্রিভুজটির প্রতিবাহুর দৈর্ঘ্য a সে.মি.
$\therefore$ ক্ষেত্রফল $= \frac{\sqrt{3}}{4}a^2$ বর্গ সেন্টিমিটার
প্রশ্নমতে, $\frac{\sqrt{3}}{4}a^2 = 50 \Rightarrow a^2 = \frac{50 \times 4}{\sqrt{3}} \Rightarrow a = \sqrt{\left(\frac{50 \times 4}{\sqrt{3}}\right)}$
$\therefore a = 10.75$ সে.মি.

04. ΔABC-এ $\angle A = 40°$, $\angle B = 70°$ হলে, ΔABC, কি ধরনের ত্রিভুজ?
Ⓐ সমকোণী Ⓑ স্থূলকোণী Ⓒ সমদ্বিবাহু Ⓓ সমবাহু

Solve ABC ত্রিভুজে,
$\angle A + \angle B + \angle C = 180°$
$\Rightarrow 40° + 70° + \angle C = 180°$
$\Rightarrow \angle C = 180° - 110° \therefore \angle C = 70°$
এখানে, $\angle B = \angle C = 70°$



আমরা জানি, ত্রিভুজের দুইটি কোণ সমান হলে ত্রিভুজটি সমদ্বিবাহু হয়।
$\therefore$ ABC একটি সমদ্বিবাহু ত্রিভুজ।

05. একটি ত্রিভুজাকৃতি মাঠের বাহুগুলোর দৈর্ঘ্য যথাক্রমে 20m, 21m এবং 29m হলে এর ক্ষেত্রফল কত?
Ⓐ 2000 m^2 Ⓑ 210 m^2 Ⓒ 290 m^2 Ⓓ 300 m^2

Solve এখানে, a = 20m, b = 21m এবং c = 29m
ত্রিভুজটির অর্ধপরিসীমা, $s = \left(\frac{20 + 21 + 29}{2}\right) = 35$ m
$\therefore$ ত্রিভুজটির ক্ষেত্রফল $= \sqrt{s(s-a)(s-b)(s-c)}$ m^2
$= \sqrt{35(35-20)(35-21)(35-29)}$ m^2
$= \sqrt{35 \times 15 \times 14 \times 6}$ $m^2 = 210$ m^2

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

06. একটি সমকোণী ত্রিভুজের সমকোণ সংলগ্ন বাহুদ্বয় x মিটার এবং (x + 3) মিটার। ত্রিভুজটির ক্ষেত্রফল 170 বর্গমিটার হলে x এর মান কত?

ⓐ 20 ⓑ 17 ⓒ – 20 ⓓ 1

Solve সমকোণী ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ ভূমি $\times$ উচ্চতা বর্গএকক

$\Rightarrow 170 = \frac{1}{2} \times (x + 3) \times x$

$\Rightarrow x^2 + 3x - 340 = 0$

$\Rightarrow x^2 + 20x - 17x - 340 = 0$

$\Rightarrow (x - 17)(x + 20) = 0$

$\Rightarrow x = 17, -20$ কিন্তু $x \neq -20$; $\therefore x = 17$



07. কোনো সরলরেখা x অক্ষ এবং y অক্ষকে ছেদ করায় যে ত্রিভুজ গঠিত হবে তার নাম-

ⓐ সমকোণী ত্রিভুজ ⓑ সমবাহু ত্রিভুজ
ⓒ সমদ্বিবাহু ত্রিভুজ ⓓ বিষমবাহু ত্রিভুজ

Solve কোনো সরলরেখা x অক্ষ এবং y অক্ষকে ছেদ করলে সমকোণী ত্রিভুজ গঠিত হয়। কারণ অক্ষ দুটি পরস্পরকে সমকোণে ছেদ করে।



08. কোনো ত্রিভুজের দুটি কোণ ১০° ও ৮০°। ত্রিভুজটি-

ⓐ সমকোণী ⓑ সূক্ষ্মকোণী
ⓒ স্থূলকোণী ⓓ সমবাহু

Solve ত্রিভুজের তৃতীয় কোণের পরিমাপ $= [১৮০ - (৮০+১০)]^\circ = ৯০^\circ$। $\therefore$ ত্রিভুজটি সমকোণী।

জ্যামিতি অধ্যায় ৩

চতুর্ভুজ

প্রয়োজনীয় তথ্য ও সূত্রাবলি

❑ চতুর্ভুজ (Quadrilateral):
চারটি বাহু দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রকে চতুর্ভুজ বলে।
যেমন : আয়তক্ষেত্র, সামান্তরিক, রম্বস, বর্গক্ষেত্র, ট্রাপিজিয়াম।



চিত্রে, ABCD একটি চতুর্ভুজ

❑ চতুর্ভুজ অঙ্কন শর্তসমূহ:
একটি চতুর্ভুজ অঙ্কন করতে নিম্নের উপাত্তগুলো জানা প্রয়োজন-
- চারটি বাহু ও একটি কোণ
- চারটি বাহু ও একটি কর্ণ
- তিনটি বাহু ও দুইটি কর্ণ
- তিনটি বাহু ও তাদের অন্তর্ভুক্ত কোণ
- দুইটি বাহু ও তিনটি কোণ
- দুইটি কর্ণের বিচ্ছিন্ন অংশসমূহ ও কর্ণ দুইটির অন্তর্ভুক্ত একটি কোণ

❑ চতুর্ভুজের প্রকারভেদ: বাহু ও কোণ সাপেক্ষে চতুর্ভুজ প্রধানত ছয় প্রকার। যেমন: আয়তক্ষেত্র, বর্গক্ষেত্র, সামান্তরিক, রম্বস, ট্রাপিজিয়াম ও ঘুড়ি।

❑ আয়তক্ষেত্র [Rectangle]:
- যে চতুর্ভুজের বিপরীত বাহুগুলো সমান এবং কোণগুলো সমকোণ তাকে আয়তক্ষেত্র বলে।

❑ আয়তক্ষেত্র সংক্রান্ত প্রয়োজনীয় সূত্রাবলি :
- আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = দৈর্ঘ্য $\times$ প্রস্থ বর্গএকক
- আয়তক্ষেত্রের পরিসীমা = 2(দৈর্ঘ্য + প্রস্থ) একক
- আয়তক্ষেত্রের কর্ণ = $\sqrt{(\text{দৈর্ঘ্য})^2 + (\text{প্রস্থ})^2}$ একক
- আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = $(l \times \sqrt{d^2 - l^2})$ বর্গএকক; যেখানে, l = দৈর্ঘ্য, d = কর্ণ
- আবার ক্ষেত্রফল = $\left(\frac{P^2}{8} - \frac{d^2}{2}\right)$ বর্গএকক; যেখানে, p = পরিসীমা, d = কর্ণ
- আয়তক্ষেত্রের দৈর্ঘ্য = $\left(\sqrt{\frac{P^2}{16} - A} + \frac{P}{4}\right)$ একক
- আয়তক্ষেত্রের প্রস্থ = $\left(\frac{P}{4} - \sqrt{\frac{P^2}{16} - A}\right)$ একক; যেখানে, A = ক্ষেত্রফল, p = পরিসীমা

❑ বর্গক্ষেত্র [Square]:
- বর্গক্ষেত্রের সবগুলো বাহু সমান।
- বর্গক্ষেত্রের কোণগুলো সমকোণ।
- বর্গক্ষেত্রের চারটি কোণের সমষ্টি = 360°
- বর্গক্ষেত্রের কর্ণদ্বয় পরস্পর সমান।

ABCD একটি বর্গক্ষেত্র

- আয়তের কোন ও শীর্ষগামী বাহুদ্বয় সমান হলে তাকে বর্গক্ষেত্র বলে।
- বর্গক্ষেত্রের কর্ণদ্বয় পরস্পরকে সমকোণে সমদ্বিখণ্ডিত করে।
- বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = (একবাহুর দৈর্ঘ্য)^2।
- বর্গক্ষেত্রের পরিসীমা = 4 $\times$ একবাহুর দৈর্ঘ্য।
- বর্গক্ষেত্রের কর্ণ = $\sqrt{2} \times$ একবাহুর দৈর্ঘ্য।

❑ বর্গক্ষেত্র সংক্রান্ত প্রয়োজনীয় সূত্রাবলি :
কোন বর্গক্ষেত্রে বাহুর দৈর্ঘ্য a হলে-
- বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = a^2 = (বাহু)^2 বর্গএকক
- বর্গক্ষেত্রের পরিসীমা = 4a = (4 $\times$ বাহুর দৈর্ঘ্য) একক
- বর্গক্ষেত্রের কর্ণ = $\sqrt{2}$ a = ($\sqrt{2} \times$ বাহুর দৈর্ঘ্য) একক
- বর্গক্ষেত্রের চার কোণের সমষ্টি = 4 সমকোণ = 2 সরলকোণ = 360°
- বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = $\frac{d^2}{2} = \frac{(\text{কর্ণ})^2}{2} = \frac{p^2}{16} = \frac{(\text{পরিসীমা})^2}{16}$ বর্গএকক
- বর্গক্ষেত্রের পরিসীমা = $\sqrt{16 \times \text{ক্ষেত্রফল}} = 2\sqrt{2} \times$ কর্ণ

❑ সামান্তরিক [Parallelogram]:
- চতুর্ভুজের বিপরীত বাহুগুলো সমান্তরাল হলে তাকে সামান্তরিক বলে।
- সামান্তরিকের বিপরীত বাহুগুলো পরস্পর সমান এবং সমান্তরাল।
- সামান্তরিকের বিপরীত কোণদ্বয় পরস্পর সমান।
- সামান্তরিকের কর্ণদ্বয় পরস্পরকে সমদ্বিখণ্ডিত করে।
- কোণগুলো সমকোণ নয়, AC ≠ BD
- সামান্তরিকের ক্ষেত্রফল = ভূমি $\times$ উচ্চতা
- সামান্তরিকের পরিসীমা = ২(দৈর্ঘ্য + প্রস্থ)।



চিত্রে, ABCD একটি সামান্তরিক।

- সামান্তরিকের পরিসীমা = 2 $\times$ (দৈর্ঘ্য + প্রস্থ) একক
- সামান্তরিকের ক্ষেত্রফল = ভূমি $\times$ উচ্চতা বর্গএকক
- সামান্তরিকের ক্ষেত্রফল = কর্ণ $\times$ কর্ণের বিপরীত বিন্দু থেকে কর্ণের উপর অঙ্কিত লম্ব বা উচ্চতা = কর্ণ $\times$ উচ্চতা বর্গএকক



- সামান্তরিকের ক্ষেত্রফল = $2\sqrt{s(s-a)(s-b)(s-d)}$ বর্গএকক; যেখানে, $s = \frac{a+b+d}{2}$



JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

রম্বস [Rhombus]:

- সামান্তরিকের দুটি সন্নিহিত বাহু সমান হলে তাকে রম্বস বলে।
- রম্বসের চারটি বাহু সমান হয়।
- রম্বসের কোণগুলো সমকোণ নয়।
- রম্বসের বিপরীত কোণগুলো পরস্পর সমান।
- রম্বসের কর্ণদ্বয় সমান নয়, কর্ণ AC ≠ কর্ণ BD
- রম্বসের কর্ণদ্বয় পরস্পরকে সমকোণে সমদ্বিখণ্ডিত করে,
  রম্বসের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ কর্ণদ্বয়ের গুণফল।
- রম্বসের পরিসীমা = 8 × বাহুগুলোর দৈর্ঘ্য।

চিত্রে, ABCD একটি রম্বস।

- রম্বসের পরিসীমা = 4 × এক বাহুর দৈর্ঘ্য = 4a একক
- রম্বসের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ কর্ণদ্বয়ের গুণফল বর্গএকক
- রম্বসের ক্ষেত্রফল, $A = d_1 \times \sqrt{a^2 - \left(\frac{d_1}{2}\right)^2}$ বর্গএকক

ট্রাপিজিয়াম [Trapezium]:

- যে চতুর্ভুজের কেবল দুইটি বাহু সমান্তরাল, তাকে ট্রাপিজিয়াম বলা হয়।
- ট্রাপিজিয়ামের দুটি বাহু সমান্তরাল কিন্তু সমান নয়, বাকি দুটি তির্যক।
- ট্রাপিজিয়ামের সমান্তরাল বাহুদ্বয়ের একটিকে ভূমি এবং অসমান্তরাল বাহুদ্বয়কে তির্যক বাহু বলা হয়।
- ট্রাপিজিয়ামের তির্যক বাহুদ্বয় সমান হলে একে সমদ্বিবাহু ট্রাপিজিয়াম বলা হয়।
- ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ (সমান্তরাল বাহুদ্বয়ের যোগফল) × উচ্চতা



ট্রাপিজিয়ামের বৈশিষ্ট্য:

- ট্রাপিজিয়ামের সমান্তরাল বাহুদ্বয় কখনও সমান হতে পারে না। চিত্রে, AD ≠ BC
- ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times (a + b) \times h$

IMPORTANT MCQ

01. চতুর্ভুজের চার কোণের অনুপাত 1 : 2 : 2 : 3 হলে, বৃহত্তম কোণের পরিমাণ হবে কত?

Ⓐ 135° Ⓑ 136° Ⓒ 137° Ⓓ 138°

Solve এখানে, চতুর্ভুজের চার কোণের অনুপাত = 1 : 2 : 2 : 3
অনুপাতের রাশিগুলোর যোগফল, (1 + 2 + 2 + 3) = 8
আমরা জানি, চতুর্ভুজের চারকোণের সমষ্টি 360°

∴ বৃহত্তম কোণ $= \left(360° \times \frac{3}{8}\right) = 135°$

02. সাতটি সরলরেখার দৈর্ঘ্য যথাক্রমে 1, 2, 3, 4, 5, 6 ও 7 সে.মি.। কয়টি ক্ষেত্রে এদের চারটি বাহু দিয়ে চতুর্ভুজ অঙ্কন সম্ভব নয়?

Ⓐ 2 Ⓑ 3 Ⓒ 4 Ⓓ 5

Solve আমরা জানি, চতুর্ভুজের চারটি বাহু, চারটি কোণ ও দুইটি কর্ণসহ মোট দশটি উপাত্ত আছে। সুতরাং একটি চতুর্ভুজ অঙ্কন করতে হলে পাঁচটি অন্যান্য নিরপেক্ষ উপাত্তের প্রয়োজন। অনেক সময় কম উপাত্ত থাকলেও বিশেষ চতুর্ভুজ অঙ্কন করা যায়। সেক্ষেত্রে যুক্তি দ্বারা পাঁচটি উপাত্তই পাওয়া যায়। যেমন: বর্গ ও আয়তক্ষেত্র। কিন্তু সামান্তরিক, রম্বস ও ট্রাপিজিয়াম এই তিনটি ক্ষেত্রে চারটি বাহু দ্বারা চতুর্ভুজ অঙ্কন সম্ভব নয়।

03. ABCD চতুর্ভুজে AB ∥ CD এবং AC = BD এবং ∠A = 90° হলে, সঠিক চতুর্ভুজ কোনটি?

Ⓐ সামান্তরিক Ⓑ রম্বস
Ⓒ ট্রাপিজিয়াম Ⓓ আয়তক্ষেত্র

Solve কোনো চতুর্ভুজের দুইটি বাহু পরস্পর সমান্তরাল, কর্ণ দুইটি পরস্পর সমান এবং একটি কোণ 90° হলে চতুর্ভুজটি একটি আয়তক্ষেত্র হয়।



04. একটি বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য $4\sqrt{2}$ একক হলে, ঐ বর্গক্ষেত্রের ক্ষেত্রফল কত বর্গএকক?

Ⓐ 24 Ⓑ 8
Ⓒ 16 Ⓓ 32

Solve আমরা জানি, বর্গক্ষেত্রের দৈর্ঘ্য a হলে,
কর্ণের দৈর্ঘ্য $= \sqrt{2}a$ একক
প্রশ্নমতে, $\sqrt{2}a = 4\sqrt{2}$ ∴ a = 4
∴ বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = a^2 বর্গএকক
$= (4)^2$ বর্গএকক = 16 বর্গএকক

05. একটি রম্বসের কর্ণদ্বয়ের দৈর্ঘ্য 8 সে.মি. ও 9 সে.মি.। এই রম্বসের ক্ষেত্রফলের সমান ক্ষেত্রফল বিশিষ্ট বর্গক্ষেত্রের পরিসীমা কত?

Ⓐ 24 সে.মি. Ⓑ 18 সে.মি.
Ⓒ 36 সে.মি. Ⓓ 12 সে.মি.

Solve রম্বসের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ কর্ণদ্বয়ের গুণফল বর্গএকক

$= \left(\frac{1}{2} \times 8 \times 9\right) = \left(\frac{1}{2} \times 72\right) = 36$ বর্গ সে.মি.

প্রশ্নানুসারে, বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = রম্বসের ক্ষেত্রফল = 36 বর্গ সে.মি.
∴ বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য $= \sqrt{36} = 6$ সে.মি.
∴ বর্গক্ষেত্রের পরিসীমা = 4 × বাহুর দৈর্ঘ্য = (4 × 6) = 24 সে.মি.

06. ABCD সামান্তরিকের ∠BCD = 130° হলে, ∠ABC- এর মান কত?

Ⓐ 40° Ⓑ 60°
Ⓒ 50° Ⓓ 130°

Solve আমরা জানি, সামান্তরিকের সন্নিহিত কোণদ্বয়ের সমষ্টি 180°
অতএব, ∠ABC + ∠BCD = 180°
⇒ ∠ABC = 180° − ∠BCD
⇒ ∠ABC = 180° − 130°
∴ ∠ABC = 50°



07. একটি ট্রাপিজিয়াম এর সমান্তরাল বাহুদ্বয়ের দৈর্ঘ্য 12 সে.মি. ও 18 সে.মি. এবং ওদের মধ্যবর্তী দূরত্ব 10 সে.মি. হলে ইহার ক্ষেত্রফল-

Ⓐ 150 বর্গমিটার Ⓑ 150 বর্গ সে.মি.
Ⓒ 150 বর্গএকক Ⓓ কোনোটিই নয়

Solve ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল
$= \frac{1}{2} \times$ সমান্তরাল বাহু দুটির সমষ্টি × উচ্চতা বর্গএকক
$= \frac{1}{2} \times (12 + 18) \times 10$ বর্গ সে.মি.
$= \frac{1}{2} \times 30 \times 10 = 150$ বর্গ সে.মি.



জ্যামিতি অধ্যায় 8

বহুভুজ

প্রয়োজনীয় তথ্য ও সূত্রাবলি

